# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Boishakh 09, 1431 Bangla, April 22, 2024, Monday, No. 113, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says, BD is always ready & firmly committed to defending country's sovereignty from attacks by any external forces'. (Jago FM: 14)

Protesting & condemning misleading remarks of BNP SG, AL GS says, people have no interest in negative politics of BNP but they have a kind of hatred to them. So, people have rejected BNP repeatedly. (R. Today: 11)

Foreign Minister Hasan Mahmud says, the visit of Indian foreign secretary Dr. Binay Mohan Kwatra to Bangladesh has been postponed due to India's internal reasons. (VOA: 05)

Local Government, Rural Development and Cooperatives Minister Md Tajul Islam has assured to eliminate the mismanagement of upazila cooperative societies. (Jago FM: 15)

Anger, protests & conflict spread within AL after national elections. Al candidates & independent candidates created tension & division. Clashes also occur at many places. A trend of infighting within the party has also been observed due to divisions & conflicts. (DW: 07)

High commands of AL & BNP have threatened to take strict action if party decision is not followed in upazila elections. Many people are participating in polls by disobeying party orders. (DW: 07)

Two Bangladeshi fishermen were shot and wounded allegedly by members of Myanmar's Border Guard Police while they were fishing in Naf River in Cox's Bazar. (VOA: 06)

Heat has become extreme in different parts of country. Authorities concerned of the hospitals across country have been instructed to be prepared to deal with adverse conditions amid a severe heatwave. (Jago FM: 16)

Urban & rural areas of country have suffered due to intense heat. Many people are suffering from Pneumonia and Diarrhea due to heat. Livestock are also in danger. Farmers are at risk because of this. Authorities say, intense heat across the country may increase. (R. Today: 08)

According to experts, global climate change has played a major role in increasing urban temperatures. Unplanned urbanization also has a special role for such hostile behavior of temperature across country. (BBC: 03)

34 patients have been admitted to hospital due to dengue yesterday. 150 dengue patients are under treatment in public & private hospitals across country including Dhaka. No death was reported. (Jago FM: 14)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৯, বাংলা ১৪৩১, এপ্রিল ২২, ২০২৪, সোমবার, নং-১১৩, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যেকোনো বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশের সার্বভৌমত্ব রক্ষায় সর্বদা প্রস্তুত ও দৃঢ়প্রতিজ্ঞ বাংলাদেশ। (জাগো এফএম: ১৪)

বিএনপি মহাসচিবের বিভ্রান্তিকর বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। তিনি বলেন, বিএনপির নেতিবাচক কর্মকাণ্ডের প্রতি জনগণের কোনো আগ্রহ নেই বরং বিএনপির প্রতি তাদের এক ধরনের ঘৃণা রয়েছে। যে কারণে জনগণ বার বার তাদের প্রত্যাখ্যান করেছে। (রে. টুডে: ১১)

ভারতের অভ্যন্তরীণ কারণে দেশটির পররাষ্ট্র সচিব বিনয় মোহন কোয়াত্রার বাংলাদেশ সফর স্থগিত করা হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। (ভোয়া: ০৫)

উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতিগুলোর অব্যবস্থাপনা দূর করার আশ্বাস দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম। (জাগো এফএম: ১৫)

জাতীয় সংসদ নির্বাচনের পরে আওয়ামী লীগের ভেতরে ক্ষোভ, বিক্ষোভ এবং কোন্দল ছড়িয়ে পড়ে। আওয়ামী লীগের প্রার্থী এবং স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে সৃষ্টি হয় উত্তাপ-উত্তেজনা এবং বিভাজন। অনেক জায়গায় সংঘর্ষের ঘটনাও ঘটে। বিভক্তি ও কোন্দলের সূত্র ধরে দলের ভিতরে হানাহানি মারামারির প্রবণতাও লক্ষ্য করা গেছে। (ডয়চে ভেলে: ০৭)

উপজেলা নির্বাচনে দলীয় সিদ্ধান্ত না মানলে কঠোর ব্যবস্থা নেওয়ার হুমকি দিয়েছে প্রধান দুই রাজনৈতিক দল আওয়ামী লীগ ও বিএনপির হাইকমান্ড। প্রধান দুই রাজনৈতিক দলের হাইকমান্ডের সিদ্ধান্ত অমান্য করে ভোটে অংশ নিচ্ছেন অনেকেই। (ডয়চে ভেলে: ০৭)

নাফ নদীতে মাছ ধরার সময়, মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) গুলিতে দুই বাংলাদেশি জেলে আহত হয়েছেন। রবিবার সকালে টেকনাফের শাহপরীর দ্বীপের নাইক্ষ্যংদিয়া সীমান্তে এই ঘটনা ঘটে। (ভোয়া: ০৬)

দেশের বিভিন্ন অঞ্চলে গরম চরম আকার ধারণ করেছে। তীব্র তাপপ্রবাহের মধ্যে প্রতিকূল পরিস্থিতি মোকাবিলায় সারাদেশের হাসপাতালগুলোকে প্রস্তুত রাখার নির্দেশ দেওয়া হয়েছে। (জাগো এফএম: ১৬)

তীব্র গরমে দুর্ভোগ নেমে এসেছে দেশের শহরাঞ্চল ও গ্রামীণ জনপদে। গরমের কারণে নিউমোনিয়া ও ডায়রিয়ায় আক্রান্ত হচ্ছে অনেক মানুষ। হাঁসফাঁস অবস্থা গবাদি পশুরও। এতেই ঝুঁকির মুখে পড়েছে খামারীরা। আবহাওয়া অধিদপ্তর বলছে সহসাই কমছে না তাপদাহ। সারাদেশে বয়ে যাওয়া তীব্র গরম আরো বাড়বে। (রে. টুডে: ০৮)

বিশেষজ্ঞদের মতে, নগরের তাপমাত্রা বৃদ্ধির জন্য বৈশ্বিক জলবায়ু পরিবর্তন প্রধান ভূমিকা রেখেছে। সেই সাথে রাজধানী ঢাকাসহ সারাদেশে তাপমাত্রার এমন বৈরি আচরণের জন্য অপরিকল্পিত নগরায়নেরও বিশেষ ভূমিকা রয়েছে। (বিবিসি: ০৩)

সারাদেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৩৪ জন রোগী। ঢাকাসহ দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে বর্তমানে চিকিৎসাধীন আছেন ১৫০ জন ডেঙ্গুরোগী। কারো মৃত্যুর খবর পাওয়া যায়নি। (জাগো এফএম: ১৪)

# বিবিসি

## তাপমাত্রা নিয়ন্ত্রণের আসলে কোনো উপায় কি আছে?

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর বলছে, চুয়াডাঙ্গা, যশোর এবং পাবনার ওপর দিয়ে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এছাড়া খুলনা বিভাগের বাকী অংশ, রাজশাহী জেলা এবং ঢাকা বিভাগের ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। সেই সাথে দেশের বাকী অংশের ওপর দিয়ে বইছে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ। আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ঢাকায় ২১শে এপ্রিল দুপুর নাগাদ তাপমাত্রা ছিল ৪০ দশমিক চার ডিগ্রি। এছাড়া রাজশাহীতে ৪১ দশমিক পাঁচ, খুলনায় ৪১ দশমিক দুই, পাবনার ঈশ্বরদীতে ৪২, চুয়াডাঙ্গায় ৪২ দশমিক চার এবং যশোরে ৪২ দশমিক ছয় ডিগ্রি তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বার্তায় বলা হয়েছে, ”দেশের ওপর দিয়ে চলমান মৃদু থেকে তীব্র ধরনের তাপপ্রবাহ অব্যাহত থাকতে পারে এবং জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তি আরও বৃদ্ধি পেতে পারে।„ মূলত ১৯শে এপ্রিল থেকে এ ধরনের উচ্চ তাপমাত্রা অর্থাৎ দাবদাহ বয়ে যাচ্ছে বাংলাদেশের ওপর দিয়ে, যার ফলে দেশজুড়ে জনজীবনে অচলাবস্থা তৈরি হয়েছে। দুর্ভোগ এড়াতে স্কুল-কলেজ বন্ধ ঘোষণা করেছে সরকার। জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ, আবহাওয়াবিদ এবং নগর পরিকল্পনাবিদেরা বলছেন যথাযথ পদক্ষেপ না নিলে আগামী কয়েক বছরে গ্রীষ্মকালে তাপমাত্রার এমন বৃদ্ধির প্রবণতা অব্যাহত থাকবে। আর তার ফলে বিপর্যয়কর অবস্থা সৃষ্টি হতে পারে এমন আশংকা আছে তাদের মধ্যে। বিশেষজ্ঞদের মতে, নগরের তাপমাত্রা বৃদ্ধির জন্য বৈশ্বিক জলবায়ু পরিবর্তন প্রধান ভূমিকা রেখেছে। সেই সাথে বাংলাদেশের রাজধানী ঢাকাসহ সারাদেশে তাপমাত্রার এমন বৈরি আচরণের জন্য অপরিকল্পিত নগরায়ণেরও বিশেষ ভূমিকা রয়েছে।

দেশি এবং আন্তর্জাতিক বিভিন্ন গবেষণায় পাওয়া তথ্য অনুযায়ী শুধু ঢাকাতেই বছরে অসহনীয় গরম দিনের সংখ্যা গত ছয় দশকে অন্তত তিনগুণ বেড়েছে। আর বাংলাদেশ ইন্সটিটিউট অব প্লানার্স এই গরম বৃদ্ধির অন্যতম কারণ হিসেবে বলছে - গত ২৮ বছরে ঢাকা থেকে ২৪ বর্গকিলোমিটারের সমআয়তনের জলাধার ও ১০ বর্গকিলোমিটারের সমপরিমাণ সবুজ কমে গেছে। ইন্সটিটিউট অব প্লানার্সের সভাপতি অধ্যাপক মুহাম্মদ আদিল খান মনে করেন, এটা শুধু ঢাকার চিত্র নয়। বিবিসি বাংলাকে তিনি বলছিলেন, ”এখন জেলা-উপজেলা পর্যায়েও পুকুর বা জলাধার ভরাট করে পরিকল্পনাহীন ভবন উঠেই চলেছে। নগরগুলোর প্রতিটি ভবন পরিকল্পিত না হলে এবং এলাকাগুলোতে সবুজের ভারসাম্য আনা না হলে তাপমাত্রা নিয়ন্ত্রণ কঠিন হবে।„ বাংলাদেশে গত কয়েক বছর ধরে দাবদাহ বা তাপমাত্রা বৃদ্ধির ক্ষেত্রেও নতুন নতুন রেকর্ড হয়েই চলেছে। এর আগে ২০২১ সালের ২৫শে এপ্রিল আগের ২৬ বছরের সর্বোচ্চ তাপমাত্রার রেকর্ড ভেঙে তাপমাত্রার ক্ষেত্রে নতুন রেকর্ড হয়েছিল বাংলাদেশে এবং ওইদিন দেশে সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪১ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এর আগে ২০১৪ সালে চুয়াডাঙ্গায় ৪২ ডিগ্রি তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল। এবার সর্বোচ্চ তাপমাত্রা উঠেছে গতকাল ২০শে এপ্রিল যশোরে ৪২ দশমিক ছয় ডিগ্রি। যদিও এক সাথে অনেকগুলো জায়গায় ৪০ ডিগ্রি বা তার বেশি তাপমাত্রা দেখা যাচ্ছে এবার।

বিশ্ব আবহাওয়া সংস্থার মতে একটি জায়গার দৈনিক যে গড় তাপমাত্রা তা থেকে পাঁচ ডিগ্রি বেড়ে গেলে এবং সেটি পরপর পাঁচদিন চলমান থাকলে তাকে হিটওয়েভ বলা হয়। তবে অনেক দেশ এটিকে নিজের মতো করেও সংজ্ঞায়িত করেছে। আবহাওয়াবিদ বজলুর রশীদ বলেছেন, বাংলাদেশে দাবদাহ আগে এপ্রিল-মে মাসে অনুভূত হতো এবং জুনে বৃষ্টি শুরু হলে ধীরে ধীরে তা কমে যেতো। ”কিন্তু এখন দেখা যাচ্ছে এপ্রিল থেকে শুরু হয়ে অগাস্ট পর্যন্ত তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এমনকি শীতকাল বা শীতের দিনের সংখ্যাই কমে গেছে গত ১০/১২ বছরে,„ বলছিলেন তিনি। আবহাওয়া দপ্তরের হিসেবে বাংলাদেশে হিটওয়েভ বা দাবদাহ শুরু হয় ৩৬ ডিগ্রি সেলসিয়াস থেকে। তবে এটা আসলে পুরোটা নির্ভর করে মানবদেহের খাপ খাইয়ে নেয়ার সক্ষমতার ওপর। এদিকে, রেডক্রিসেন্ট সোসাইটি, জার্মান রেড ক্রস এবং বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের এক গবেষণায় ৪৪ বছরের তাপমাত্রার একটি বিশ্লেষণে দেখা গেছে, এপ্রিল, মে এবং জুন মাসে ঢাকায় সবচেয়ে বেশি গরম অনুভূত হয়। আবহাওয়া ও দুর্যোগ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ এবং নগর পরিকল্পনাবিদদের মতে, তাপমাত্রা ক্রমশঃ বৃদ্ধির প্রধান কারণ বৈশ্বিক জলবায়ু পরিবর্তন, যার জন্য উন্নত বিশ্বের বিশেষ করে শিল্পোন্নত দেশগুলোকেই দায়ী করা হয়।

কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে এই বৈশ্বিক কারণ ছাড়াও অপরিকল্পিত নগরায়ণ এবং পরিবেশের অযৌক্তিক ক্ষতি করাকেই দায়ী করছেন বিশেষজ্ঞরা। ”এখন ভবনগুলোর ডিজাইনই হচ্ছে কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা রেখে কিংবা শীতাতপ যন্ত্র যাতে বসানো যায় সে চিন্তা করে। অথচ আগে অনেক ভবন এমনভাবে করা হয়েছে যাতে গরমকালে শুধু ফ্যানেই কাজ হতো,„ বলছিলেন আদিল মুহাম্মদ খান। আবহাওয়াবিদ বজলুর রশীদ বলছেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে হলে জলবায়ু নীতি বাস্তবায়ন করতে হবে, বিশেষ করে মেট্রোরেলের মতো বিদ্যুৎ চালিত গণপরিবহন বাড়ানোর পাশাপাশি পরিবেশ বান্ধব ভবন নির্মাণ করতেই হবে। ”খাল, পুকুর-সব ভরাট হয়ে গেছে। জলাধার নেই। এগুলোই তো সাময়িকভাবে তাপমাত্রা কমাতে দরকার হয়,„ বলেন তিনি। তবে, নগরায়ণের পাশাপাশি শহরগুলোকে কীভাবে আরো

বেশি পরিবেশবান্ধব করা যায়, সে পরিকল্পনার ওপর জোর দেন অনেক বিশেষজ্ঞ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক মো. শাখাওয়াত হোসাইন বলেন, "দেশের অর্থনৈতিক অবস্থা উন্নত হবার সাথে সাথে নগরায়ণ বাড়বে। কিন্তু শহরগুলোকে একটি মাস্টারপ্ল্যানের আওতায় এনে, গ্রিনারি বা সবুজায়ন নিশ্চিত করতে হবে তাপমাত্রা নিয়ন্ত্রণে রাখার জন্য। শহরগুলোর জনসংখ্যা কমিয়ে আনার উদ্যোগ নিতে হবে। শহরের সুবিধাগুলোকে শহরের বাইরে ছড়িয়ে দিতে হবে। এভাবে জনসংখ্যায় ঘনত্ব কমাতে হবে। পাশাপাশি ভবনগুলোকে পরিবেশ বান্ধব করতে হবে,„ বলছিলেন মি. হোসাইন। ইন্সটিটিউট অব প্লানার্সের সভাপতি অধ্যাপক মুহাম্মদ খান বলছেন, তাপমাত্রা নিয়ন্ত্রণের জন্য কংক্রিটের পরিমাণ কমাতে হবে এবং বনায়ন করতেই হবে। "বাংলাদেশে যেটা হচ্ছে সেটা হলো ধ্বংসাত্মক নগরায়ণ। ঢাকার এমন ওয়ার্ড আছে যেখানে ৯০ ভাগই কংক্রিট। গরম বেশি অনুভূত হয়, কারণ নগর এলাকায় গাছপালা, জলাধার ধ্বংস করা হয়েছে। এ থেকে পরিত্রাণ পেতে হলে প্রতিটি এলাকায় পর্যাপ্ত ওপেন স্পেস রাখতেই হবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তার মতে নগরায়ণ প্রক্রিয়ার মধ্যে সবুজের পরিমাণ বাড়িয়ে নগরের ২৫-৩০ ভাগ সবুজায়ন নিশ্চিত করতে হবে। ভবনগুলোর চারদিকে স্পেস বা খালি জায়গা রাখতে হবে এবং এলাকা ভিত্তিক পুকুর বা জলাধার রাখতে পারলে তাপমাত্রা সহনীয় মাত্রায় নামিয়ে আনা সম্ভব হবে বলে মনে করেন তিনি। প্রসঙ্গত, সম্প্রতি রাজউক একটি নীতি প্রণয়ন করেছে - যেখানে প্লটের আকার ভিত্তিক গাছের পরিমাণ নির্ধারণ করে দেয়া হয়েছে। অধ্যাপক মুহাম্মদ খান মনে করেন, এটি কার্যকর হলেও কিছুটা কাজে আসবে। "যত বেশি সবুজায়ন হবে ততই তাপমাত্রা সহনীয় হবে। জলাধার থাকতেই হবে। পাশাপাশি দুটি ভবনের মধ্যকার দূরত্ব এবং প্রতিটি ভবনের পরিবেশ বান্ধব ডিজাইন করতে হবে। একই সঙ্গে তাপমাত্রা নিয়ন্ত্রণ করতে হলে শীতাতপ যন্ত্র ব্যবহার হতে হবে নিয়ন্ত্রিত,„ বলছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ:২১.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### দুবাইয়ের আল-হামরিয়া বন্দরে নোঙর করেছে এম ভি আব্দুল্লাহ

বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহ, সোমালিয়ার জলদস্যুদের কবল থেকে মুক্ত হওয়ার পর, নিরাপদে দুবাইয়ের আল-হামরিয়া বন্দরে পৌঁছেছে। বাংলাদেশ সময় রবিবার (২১শে এপ্রিল) বিকেল সাড়ে ৪টায় বন্দরের বহির্নোঙরে জাহাজটি নোঙর করে। গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন জাহাজের মালিক পক্ষ কেএসআরএম গ্রুপের গণমাধ্যম উপদেষ্টা মিজানুল ইসলাম। এদিকে, জাহাজ চলাচল পর্যবেক্ষণকারী সংস্থা মেরিন ট্রাফিকের ওয়েবসাইটে দেখা যায়, এমভি আব্দুল্লাহ আল-হামরিয়া বন্দরের বহির্নোঙরে অবস্থান করছে। কেএসআরএম সূত্র জানায়, কয়লা খালাসের জন্য রাতেই জাহাজটিকে জেটিতে নেয়ার কথা রয়েছে। তা না হলে, সোমবার (২২শে এপ্রিল) জাহাজটি জেটিতে ভিড়বে। এমভি আবদুল্লাহর ক্যাপ্টেন মোহাম্মদ আবদুর রশিদ জানান, জাহাজের ২৩ নাবিকের সবাই সুস্থ আছেন। দুবাই পৌঁছানোর পর নাবিকদের দুজন ফ্লাইটে বাংলাদেশে ফিরবেন। বাকি ২১ জন কয়লা খালাসের পর মে মাসের প্রথম সপ্তাহে জাহাজ নিয়ে দেশে ফিরবেন বলে আশা করা হচ্ছে। প্রায় ৩৩ দিনের জিম্মিদশার পর, ১৩ই মার্চ দিবাগত রাত ১২টা ৮ মিনিটে ২৩ নাবিকসহ এমভি আবদুল্লাহ মুক্ত হয়। এরপর জাহাজটি ১ হাজার ৪৫০ নটিক্যাল মাইল দূরে থাকা আরব আমিরাতের আল-হামরিয়া বন্দরের উদ্দেশে রওনা দেয়। এই পথ পাড়ি দিয়ে আট দিনের মাথায় জাহাজটি আমিরাতের আল-হামরিয়া বন্দরে পৌঁছায়। গত ১২ই মার্চ মোজাম্বিকের মাপুতো বন্দর থেকে আরব আমিরাতের আল-হামরিয়া বন্দরে যাওয়ার পথে এমভি আবদুল্লাহ জলদস্যুদের কবলে পড়ে। এর আগে, রবিবার (১৪ই এপ্রিল) ভোর পৌনে ৪টায় জাহাজের মালিকপক্ষ কেএসআরএম এর মিডিয়া অ্যাডভাইজর মিজানুল ইসলাম জানিয়েছিলেন যে, তারা জানতে পেরেছেন এমভি আব্দুল্লাহ জলদস্যুদের কবল থেকে মুক্ত হয়েছে। মিজানুল ইসলাম ওই দিন বলেন, "কিছুক্ষণ আগে আমরা এই সুসংবাদ পেয়েছি। ২৩ নাবিকসহ আমাদের জাহাজটি ছেড়ে দেয়া হয়েছে। সকল নাবিক অক্ষত এবং সুস্থ আছেন, তাদের অক্ষত অবস্থায় আমরা ফেরত পাচ্ছি।„ জলদস্যুদের কত টাকা মুক্তিপণ দেয়া হয়েছে, এমন প্রশ্নের জবাবে তিনি জানান, "এই মুহূর্তে তা বলতে পারছি না। তবে তাদের সঙ্গে সমঝোতার মাধ্যমে জাহাজ ও নাবিকদের আমরা ফিরিয়ে আনতে পারছি।„ তবে, সোমালিয়ার একটি সংবাদ মাধ্যম জানিয়েছে, ৫০ লাখ ডলার দিয়ে ছাড়া পেয়েছে এমভি আব্দুল্লাহ। এমভি আব্দুল্লাহ,র মুক্তি প্রসঙ্গে বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, আন্তর্জাতিক চাপ ও আলোচনার মাধ্যমে সোমালিয়ার জলদস্যুদের হাত থেকে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ ও এর ২৩ নাবিক মুক্ত হয়েছেন। রবিবার (১৪ই এপ্রিল) রাজধানীর তার বাসভবনে সাংবাদিকদের এ কথা বলেন খালিদ মাহমুদ চৌধুরী। তিনি আরো বলেন যে জলদস্যুদের মুক্তিপণ দেয়ার বিষয়ে কোনো তথ্য তার জানা নেই। "টাকা-পয়সা কিংবা মুক্তিপণের সঙ্গে আমাদের কোনো যোগসূত্র নেই। টাকা দিয়ে জাহাজ ছাড়িয়ে আনা হয়েছে, এমন কোনো তথ্য আমাদের কাছে নেই। অনেকেই বিভিন্ন ধরনের ছবি দেখাচ্ছেন; এ সব ছবির কোনো সত্যতা নেই। ছবিগুলো কোথা থেকে আসছে, কিভাবে আসছে, তা আমরা জানি না; বললেন প্রতিমন্ত্রী খালেদ। তিনি আরো বলেন, যা হয়েছে, ডিপার্টমেন্ট অফ শিপিং, আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা, ইউরোপিয়ান নেভাল ফোর্স, ভারতীয় নৌবাহিনী, সোমালিয়ার পুলিশের সহযোগিতায় হয়েছে। "আমি

সোমালিয়া পোর্টল্যান্ড পুলিশকে ধন্যবাদ দিতে চাই, তারা সার্বক্ষণিকভাবে আমাদের সহযোগিতা করেছে। আন্তর্জাতিক মেরিটাইম সংস্থার যে উইংগুলো রয়েছে, তারা আমাদেরকে খুবই সহায়তা করেছে;„ আরো বলেন বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী। মুক্তিপণের বিষয়ে তিনি বলেন, ”আমরা তাদের সঙ্গে নেগোসিয়েশন করেছি দীর্ঘদিন। এখানে মুক্তিপণের কোনো বিষয় নেই। আমাদের আলাপ-আলোচনা এবং বিভিন্ন ধরনের চাপ এখানে কাজ করেছে।„

(ভোয়া ওয়েব পেজ:২১.০৪.২০২৪ রিহাব)

## কারাগার থেকে মুক্তি পেলেন বিএনপি নেতা হাবিব

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য হাবিবুর রহমান হাবিব কেরাণীগঞ্জের ঢাকা কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পেয়েছেন। প্রায় ৫ মাস কারাভোগের পর তিনি মুক্তি পান। রবিবার (২১শে এপ্রিল) দুপুরে তিনি কারাগার থেকে বের হন বলে জানিয়েছেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মুক্তির পর কারাগারের ফটকের সামনে তাকে ফুল দিয়ে স্বাগত জানান বিএনপির কেন্দ্রীয় নেতা অ্যাডভোকেট শামসুর রহমান শিমুল বিশ্বাস, কৃষক দলের সভাপতি হাসান জাফির তুহিনসহ নেতাকর্মীরা। পরে, হাবিব নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে গেলে, রুহুল কবির রিজভী তাকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। গত বছরের ২০শে নভেম্বর রাজধানীর মিরপুর ডিওএইচএস এলাকার একটি বাসা থেকে হাবিবকে গ্রেপ্তার করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। হাইকোর্টের একজন বিচারপতি সম্পর্কে ’কটূক্তি, করায়, গত বছরের ২৮শে অক্টোবরের পর তাকে তলব করে আদালত। মন্তব্য প্রত্যাহার না করায় তাকে পাঁচ মাসের কারাদণ্ড দেয় আদালত। হাবিবের এক আইনজীবী জানান, সবগুলো মামলায় উচ্চ আদালত থেকে জামিন পাওয়ায় হাবিব মুক্তি পেয়েছেন। উল্লেখ্য যে ১৯৯০ সালের ছাত্র-গণ আন্দোলনের সময় আওয়ামী লীগ সমর্থক ছাত্রলীগের সাভাপতি ছিলেন হাবিবুর রহমান হাবিব।

(ভোয়া ওয়েব পেজ:২১.০৪.২০২৪ রিহাব)

## অভ্যন্তরীণ কারণে ভারতের পররাষ্ট্র সচিবের সফর স্থগিত, জানালেন হাছান মাহমুদ

ভারতের অভ্যন্তরীণ কারণে দেশটির পররাষ্ট্র সচিব বিনয় মোহন কোয়াত্রার বাংলাদেশ সফর স্থগিত করা হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। রবিবার (২১শে এপ্রিল) তিনি আরো জানান যে এই সফর আবার কবে হতে পারে, তা ঢাকাকে এখনো জানানো হয়নি। ”ভারতে এখন নির্বাচন চলছে। তাদের অভ্যন্তরীণ নানা কারণে সফর স্থগিত করা হয়েছে;„ বলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। একটি কূটনৈতিক সূত্রের বরাত দিয়ে ইউএনবি জানিয়েছে, পারস্পরিক সুবিধাজনক সময়ে ঢাকা সফর করবেন বিনয় মোহন কোয়াত্রা। বাংলাদেশ ও ভারতের মধ্যে উচ্চ পর্যায়ের বিনিময় এবং দুই দেশের দ্বিপক্ষীয় সহযোগিতা এজেন্ডার অগ্রগতি পর্যালোচনার অংশ এই সফর অনুষ্ঠিত হবে। সফরের বিষয়ে ঢাকা ও নয়াদিল্লির পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো ঘোষণা না থাকলেও, শনিবার (২০শে এপ্রিল) সংক্ষিপ্ত সফরে ঢাকায় আসার কথা ছিলো ভারতের পররাষ্ট্র সচিবের। এদিকে, ভারতে জাতীয় নির্বাচন শেষ হওয়ার পর, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নয়াদিল্লি সফরে যাওয়ার সম্ভাবনা রয়েছে বলে ইঙ্গিত দিয়েছে কূটনৈতিক সূত্রগুলো। ভারতের নির্বাচন অনুষ্ঠিত হবে ৭ ধাপে। ১৯ই এপ্রিল লোকসভার ভোটগ্রহণ শুরু হয়েছে; চলবে ১লা জুন পর্যন্ত। আগামী ৪ জুন ভোট গণনা করা হবে। সম্প্রতি পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, ”প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারত সফর অবশ্যই হবে। তবে এটি ভারতের নির্বাচনের পর অনুষ্ঠিত হবে।„

(ভোয়া ওয়েব পেজ:২১.০৪.২০২৪ রিহাব)

## আবহাওয়া বিভাগ: বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে `অতি তীব্র, তাপপ্রবাহ বিরাজ করছে

বাংলাদেশের বেশিরভাগ জেলা এখন তাপপ্রবাহের কবলে। কিছু অঞ্চলে বইছে তীব্র তাপপ্রবাহ। এসব এলাকায় সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি ছাড়িয়ে যাচ্ছে। কোথাও কোথাও তাপমান পৌঁছাচ্ছে ৪২ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত পৌঁছেছে। বাংলাদেশের বিভিন্ন জেলায় অবস্থিত আবহাওয়া অফিস ও পর্যবেক্ষণ কেন্দ্রের তথ্য মতে, দেশটির ৪৩ জেলা এখন তাপপ্রবাহের কবলে রয়েছে। আবহাওয়া বিভাগ আরো জানিয়েছে, সামনের দিনগুলোতে তাপমাত্রা ৪২-৪৪ ডিগ্রি সেলসিয়াসে উঠানামা করতে পারে। এপ্রিল জুড়েই এ অবস্থা চলবে বলে আভাস দিয়েছে আবহাওয়া দফতর। ৪২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রাকে অতি তীব্র তাপপ্রবাহ হিসেবে বিবেচনা করা হয়; ৪০ থেকে ৪১.৯ ডিগ্রি সেলসিয়াসকে তীব্র তাপপ্রবাহ এবং ৩৮ থেকে ৩৯ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াসকে মাঝারি তাপপ্রবাহ হিসেবে বিবেচনা করা হয়। আর, ৩৬ থেকে ৩৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াসকে বিবেচনা করা হয় মৃদু তাপপ্রবাহ হিসেবে। রবিবার (২১ এপ্রিল) আবহাওয়া দফতরের পূর্বাভাসে বলা হয়েছে, পাবনা, যশোর ও চুয়াডাঙ্গা জেলাজুড়ে এবং ঢাকা, খুলনা বিভাগ ও রাজশাহী জেলার বিভিন্ন অংশে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। আবহাওয়া বিভাগ আরো বলেছে, বরিশাল বিভাগ ও রাজশাহী বিভাগের কিছু অংশ এবং ময়মনসিংহ, মৌলভীবাজার, ফেনী, কক্সবাজার, চাঁদপুর ও রাঙ্গামাটি জেলার কিছু অংশে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। রংপুর বিভাগে দিনের তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রি সেলসিয়াস বাড়তে পারে এবং দেশের অন্যান্য এলাকায় তা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আর আর্দ্রতা বাড়তে পারে বলেও জানিয়েছে

আবহাওয়া বিভাগ। আবহাওয়াবিদ শাহিনুল ইসলাম জানান, রবিবার বিকাল ৩টা পর্যন্ত চুয়াডাঙ্গায় ছিলো দেশের সর্বোচ্চ তাপমাত্রা। সেখানে ৪২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস তাপমান রেকর্ড করা হয়। আর, ঢাকায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩৮ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। এদিকে, পাবনা জেলার ঈশ্বরদীতে ৪২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে বলে জানিয়েছে আবহাওয়া বিভাগ। পাবনা জেলায় চলতি মৌসুমের মধ্যে এটি সর্বোচ্চ তাপমাত্রা। শনিবার এই জেলায় তাপমাত্রা রেকর্ড করা হয়েছিলো ৪১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। ঈশ্বরদী আবহাওয়া অফিসের সহকারী পর্যবেক্ষক নাজমুল হক রঞ্জন জানান, ঈশ্বরদীতে ৪২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। তাপমাত্রা আরো বাড়ার আশঙ্কা রয়েছে বলে জানান তিনি। অন্যদিকে, তীব্র তাপদাহে চুয়াডাঙ্গা ও পাবনা জেলায় শনিবার (২০শে এপ্রিল) হিট স্ট্রোকে দুইজনের মৃত্যু হয়েছে। শনিবার রাজধানী ঢাকায় তাপমাত্রা ছিলো ৪০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং যশোরে ৪২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। শনিবার (২০শে এপ্রিল) সকাল থেকে শুরু হওয়া তাপপ্রবাহের পরিস্থিতি পাঁচ দিন অপরিবর্তিত থাকতে পারে বলে সতর্কতা জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। তাপপ্রবাহের কারণে আগামী ২৭ এপ্রিল পর্যন্ত সব স্কুল, মাদরাসা ও কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে। প্রচণ্ড গরমের কারণে অনলাইনে ক্লাস নেয়ার ঘোষণা দিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। রবিবার আবহাওয়ার নিয়মিত বুলেটিনে বলা হয়েছে, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা অথবা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে বলে বলা হয়েছে পূর্বাভাসে। (ভোয়া ওয়েব পেজ:২১.০৪.২০২৪ রিহাব)

## কাতারের আমিরের ঢাকা সফরকালে বন্দি বিনিময়-সহ ৬টি চুক্তি সই হবে

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি বাংলাদেশ সফরে আসছেন সোমবার (২২শে এপ্রিল)। দু'দিনের এই সফরের সময় বাংলাদেশ ও কাতারের মধ্যে ১১টি সহযোগিতার বিষয়ে ৬টি চুক্তি ও ৫টি সমঝোতা স্মারক সই হবে। রবিবার (২১শে এপ্রিল) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানান, ৬টি চুক্তির মধ্যে একটি হলো বন্দী বিনিময় চুক্তি। তিনি বলেন, ”এই সফরের মাধ্যমে বাংলাদেশ ও কাতারের মধ্যকার সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছাবে। চলতি বছর নতুন সরকার গঠনের পর মধ্যপ্রাচ্য থেকে এটিই প্রথম উচ্চ পর্যায়ের সফর।„ এছাড়া, বাণিজ্য ও বিনিয়োগ, দ্বৈত কর পরিহার, জনশক্তি রপ্তানি সংক্রান্ত নথিও সই হবে কাতারের আমিরের এই সফরে, জানান পররাষ্ট্রমন্ত্রী। দ্বিপক্ষীয় ক্ষেত্রে সহযোগিতার ক্ষেত্র ছাড়াও, ফিলিস্তিন-ইসরায়েল সংঘাত এবং বিভিন্ন বৈশ্বিক ইস্যু নিয়ে আলোচনা হবে। বৈঠকে বাংলাদেশ তার অবস্থান তুলে ধরবে। হাছান মাহমুদ বলেন, ”স্বাভাবিকভাবেই ফিলিস্তিন-ইসরায়েল সংঘাত আলোচনায় আসতে পারে। গাজায় হত্যাকাণ্ড বন্ধ করতে হবে। সবাই এটা চায়। আমরাও চাই।„

(ভোয়া ওয়েব পেজ: ২১.০৪.২০২৪ রিহাব)

## মিয়ানমারের সীমান্তরক্ষীদের গুলিতে নাফ নদীতে ২ বাংলাদেশি জেলে আহত

নাফ নদীতে মাছ ধরার সময়, মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) গুলিতে দুই বাংলাদেশি জেলে আহত হয়েছেন। রবিবার (২১শে এপ্রিল) সকালে, টেকনাফের শাহপরীর দ্বীপের নাইক্ষ্যংদিয়া সীমান্তে এই ঘটনা ঘটে। গুলিবিদ্ধ দুইজন হলেন; শাহপরীর দ্বীপের মাঝেরপাড়ার মোহাম্মদ ইসমাইল ও মোহাম্মদ ফারুক। ফারুকের অবস্থা আশঙ্কাজনক হওয়ায়, রবিবার দুপুর ১টার দিকে তাকে কক্সবাজার সদর হাসপাতালে পাঠানো হয়েছে। আহত জেলে ও তাদের স্বজনরা জানান, রবিবার সকালে মাছ ধরার জন্য ১০ জেলে নাফ নদীতে যান। এসময় তাদের লক্ষ্য করে গুলি ছুঁড়ে মিয়ানমারের সীমান্ত রক্ষীবাহিনী। এতে ২ জন গুলিবিদ্ধ হয়। জেলেরা দাবি করেছেন যে, তারা বাংলাদেশের জলসীমায় ছিলেন। তারপরও, মিয়ানমার সীমান্ত রক্ষীবাহিনী গুলি ছুঁড়েছে বলে জানায় তারা। টেকনাফ উপজেলা স্বাস্থ্য ও পরিবারকল্যাণ কর্মকর্তা প্রণয় রুদ্র জানান, ফারুকের শরীরে তিনটি গুলি লেগেছে। তাকে উন্নত চিকিৎসার জন্য কক্সবাজার জেলা সদর হাসপাতালে পাঠানো হয়েছে। টেকনাফ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ ওসমান গনি জানান, দুই জেলে গুলিবিদ্ধ হওয়ার ঘটনা তিনি শুনেছেন। ”বিস্তারিত জানার চেষ্টা করছি;„ বলেন তিনি। এদিকে, শুক্রবার (১৯শে এপ্রিল) বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম জানিয়েছেন, মিয়ানমারের রাখাইনে দেশটির সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের জের ধরে মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) সদস্যরা বাংলাদেশে আশ্রয় নেয়া অব্যাহত রেখেছেন। বৃহস্পতিবার (১৮ই এপ্রিল) রাতে আরো ১৩ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। চলতি বছরের ফেব্রুয়ারির শুরুর দিক থেকে আরাকান আর্মির সঙ্গে মিয়ানমার সরকারি বাহিনীর সংঘর্ষের পরিপ্রেক্ষিতে, দেশটির সরকারি বাহিনীর সদস্যরা পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয় নিচ্ছে। বিজিবির জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম জানান, ”বর্তমানে মিয়ানমার নিরাপত্তা বাহিনীর মোট ২৭৪ জন আশ্রয় গ্রহণ করে বাংলাদেশে অবস্থান করছে। বৃহস্পতিবার টেকনাফের নাফ নদীতে নতুন করে আরো ১৩ জন বিজিপি সদস্য বাংলাদেশ কোস্টগার্ডের কাছে আত্মসমর্পণ করেছেন;„ যোগ করেন শরিফুল ইসলাম। পরে কোস্ট গার্ড, এই বিজিপি সদস্যদের বিজিবি নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি) সদস্যদের কাছে হস্তান্তর করে; জানান তিনি। এর

আগে, ফেব্রুয়ারিতে বিজিপি, সেনা সদস্য ও ইমিগ্রেশন কর্মকর্তাসহ মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর ৩৩০ সদস্য বাংলাদেশে আশ্রয় নেন। গত ১৫ই ফেব্রুয়ারি কঠোর নিরাপত্তার মধ্যে তাদের মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের কাছে হস্তান্তর করা হয়। (ভোয়া ওয়েব পেজ: ২১.০৪.২০২৪ রিহাব)

## এনএইচকে

### বুধবার চীন সফরে যাবেন ব্লিঙ্কেন

মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় ঘোষণা করেছে যে, পররাষ্ট্রমন্ত্রী এন্টনি ব্লিঙ্কেন বুধবার থেকে তিন দিনের চীন সফর শুরু করবেন এবং এসময় তাইওয়ান পরিস্থিতি আলোচনার অগ্রাধিকার তালিকায় থাকবে। গতকাল শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা বলেন যে, ব্লিঙ্কেন সাংহাই এবং বেইজিং সফর করবেন। এই সফরে তিনি, চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই'সহ অন্যান্যদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। আগামী মাসে তাইওয়ানের প্রেসিডেন্ট হিসেবে লাই চিং তে'র অভিষেকের আগে কর্মকর্তারা, তাইওয়ানের চারপাশের পরিস্থিতি নিয়ে আলোচনা করবেন বলে আশা করা হচ্ছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওই কর্মকর্তা বলেন যে, ব্লিঙ্কেন বেইজিংকে এমন একটি বার্তা দেবেন যে সব দেশকে তাইওয়ান প্রণালীতে শান্তি ও স্থিতিশীলতায় অবদান রাখতে হবে। তিনি ২০শে মে অভিষেক অনুষ্ঠানের মতো একটি গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল সময়ে উত্তেজনা বৃদ্ধি করতে পারে এমন কোনোও পদক্ষেপ এড়াতে দেশটির প্রতি অনুরোধ জানাবেন। ব্লিঙ্কেন দক্ষিণ চীন সাগরের পরিস্থিতি নিয়েও চীনা কর্মকর্তাদের সাথে মতবিনিময় করবেন বলে ধারণা করা হচ্ছে, যেখানে বেইজিং'এর পাশাপাশি উত্তর কোরিয়াও সামুদ্রিক কার্যক্রম বৃদ্ধি করে চলেছে। উল্লেখ্য, এটি হবে গত বছরের জুন মাসের পর ব্লিঙ্কেনের প্রথম চীন সফর। (এনএইচকে ওয়েব পেজ:২১.০৪.২০২৪ রিহাব)

## ডয়চে ভেলে

### সিদ্ধান্ত না মানলে কঠোর শাস্তির হুমকি আওয়ামী লীগ-বিএনপির

উপজেলা নির্বাচনে দলীয় সিদ্ধান্ত না মানলে কঠোর ব্যবস্থা নেওয়ার হুমকি দিয়েছে প্রধান দুই রাজনৈতিক দল আওয়ামী লীগ ও বিএনপির হাইকমান্ড। প্রথম ধাপের নির্বাচনের মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন আগামীকাল সোমবার। অন্যদিকে দ্বিতীয় ধাপের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন ছিল রোববার। প্রধান দুই রাজনৈতিক দলের হাইকমান্ডের সিদ্ধান্ত অমান্য করে ভোটে অংশ নিচ্ছেন অনেকেই। দলের সিদ্ধান্ত যাই হোক তারা ভোটের মাঠে থাকার ঘোষণা দিয়েছেন। দুই দলই সিদ্ধান্ত অমান্যকারীদের তালিকা তৈরি করছে। আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব-উল-আলম হানিফ ডয়চে ভেলেকে বলেন, "এখনই তো আর ব্যবস্থা নেওয়া যাবে না। আগামীকাল মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন পর্যন্ত আমাদের অপেক্ষা করতে হবে। পরিস্থিতি বুঝে সিদ্ধান্ত নিতে হবে। এখন যদি একজন উপজেলা চেয়ারম্যান থাকেন, তিনি আবার যদি কোনো মন্ত্রী বা এমপির স্বজন হন তাহলেও কি তিনি ভোটের মাঠ থেকে সরে যাবেন? আবার অনেক জায়গায় আমাদের দলের একজনই প্রার্থী আছেন। তিনি আবার কোনো মন্ত্রী বা এমপির স্বজন। তিনি যদি সরে যান তাহলে আমাদের আর কোনো প্রার্থীই থাকবে না। এমন নানা ধরনের সংকট আছে। সবকিছু বুঝেই সিদ্ধান্ত নিতে হবে। তবে হ্যাঁ, যৌক্তিক কারণ ছাড়া যদি কেউ নির্বাচন করেন তাহলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। দলের হাইকমান্ডই সবকিছু বুঝে এ ব্যাপারে পরবর্তী সিদ্ধান্ত নেবে।„

আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাফ জানিয়ে দিয়েছেন উপজেলায় মন্ত্রী, এমপি বা দলের কেন্দ্রীয় নেতাদের পরিবারের সদস্য বা স্বজনদেরকে প্রার্থী করা যাবে না। যারা ইতিমধ্যে প্রার্থী হয়েছেন তাদেরকে প্রার্থিতা প্রত্যাহারের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আওয়ামী লীগ সভাপতির এই বার্তা দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের সবাইকে জানিয়ে দিয়েছেন। যদি শেষ পর্যন্ত দলের সিদ্ধান্ত লজ্ঘন করে কেউ প্রার্থিতা প্রত্যাহার না করে তাহলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার বার্তা দেওয়া হয়েছে। দলের সাংগঠনিক সম্পাদকরা এখন সারা দেশে আওয়ামী লীগের যারা এমপি, মন্ত্রী এবং কেন্দ্রীয় নেতৃবৃন্দ আছেন তারা কতজন নিজের আত্মীয়-স্বজনকে উপজেলা নির্বাচনে চেয়ারম্যান পদে প্রার্থী করেছেন তার তালিকা তৈরি করছেন। এই তালিকা তৈরির কাজ এখনও শেষ হয়নি বলে দলের দপ্তর থেকে জানিয়েছে। আগামী ৩০শে এপ্রিল আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির বৈঠকে এ ব্যাপারে আলোচনা হবে। জাতীয় সংসদ নির্বাচনের পরে আওয়ামী লীগের ভেতরে ক্ষোভ, বিক্ষোভ এবং কোন্দল ছড়িয়ে পড়ে। আওয়ামী লীগের প্রার্থী এবং স্বতন্ত্র প্রার্থীদের মধ্যে সৃষ্টি হয় উত্তাপ-উত্তেজনা এবং বিভাজন। অনেক জায়গায় সংঘর্ষের ঘটনাও ঘটে। এই বিভাজন কমিয়ে আনার জন্য দলের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা একাধিক পদক্ষেপ নিয়েছেন। ভুল বোঝাবুঝির অবসান ঘটিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য আওয়ামী লীগ সভাপতি দলের নেতাকর্মীদের নির্দেশনা দিয়েছেন। কিন্তু সেই নির্দেশনা সত্ত্বেও আওয়ামী লীগের ভিতর বিভক্তি এবং কোন্দল কমেনি। বিভক্তি ও কোন্দলের সূত্র ধরে দলের ভিতরে হানাহানি-মারামারির প্রবণতাও লক্ষ্য করা গেছে।

যদিও নির্বাচন বর্জনের সিদ্ধান্ত দিয়েছে বিএনপির হাইকমান্ড কিন্তু দলের সিদ্ধান্ত অমান্য করে নির্বাচনে যাচ্ছেন বিএনপির অনেক নেতা। দলের সিদ্ধান্ত উপেক্ষাকারীদের বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেবে বিএনপি। দলের

অভ্যন্তরীণ সূত্র জানিয়েছে, জাতীয় নির্বাচনের মতো এবারও উপজেলা নির্বাচনও যে একতরফা নির্বাচন, তা বিশ্ববাসীকে দেখাতে চায় দলটি। ইতোমধ্যে যারা স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র দাখিল করেছেন তাদের প্রত্যাহার করতে হবে বলে দলের তৃণমূলকে বার্তা দিয়েছে বিএনপি। ৮ই মে অনুষ্ঠেয় প্রথম দফার উপজেলা চেয়ারম্যান পদে ভোটে প্রার্থী হওয়ার জন্য বিএনপির ৪৫ নেতা মনোনয়নপত্র জমা দিয়েছেন। এদিন ১৫০ উপজেলায় নির্বাচন হবে। ফলে বিএনপির সংখ্যাটি গুরুত্বপূর্ণ নয় বলেই মনে করছেন নেতারা। বিএনপির যুগ্ম মহাসচিব হারুনুর রশীদ ডয়চে ভেলেকে বলেন, ”আমাদের স্থায়ী কমিটির বৈঠকে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হয়েছে। সিদ্ধান্ত অমান্যকারীদের দল থেকে বহিষ্কার করা হবে। ইতিমধ্যে তাদের সবাইকে বার্তা দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট জেলাগুলোর নেতারা এ ব্যাপারে খোঁজখবর রাখছেন। যদিও কিছু তথ্য আমার কানে এসেছে। কয়েকজন আমাকে বলেছেনও। সেটা হল, আওয়ামী লীগের পক্ষ থেকে অনেক জায়গায় বিএনপি নেতাদের চাপ দেওয়া হচ্ছে। তারা যদি নির্বাচনে অংশ না নেন তাহলে আরও বেশি মামলা দিয়ে হয়রানি করা হবে। অনেক জায়গায় তো আওয়ামী লীগ নেতারা বিএনপি নেতাকে মঞ্চে তার প্রার্থী হিসেবে পরিচয় করিয়ে দিচ্ছেন। তবে ঘটনা যা হোক দলের সিদ্ধান্ত কেউ অমান্য করতে পারবেন না।„ প্রথম ধাপে ৮ই মে অনুষ্ঠিত হতে যাওয়া নির্বাচনে অংশ নিচ্ছেন বিএনপির সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলার সাংগঠনিক সম্পাদক গোলাপ মিয়া। ডয়চে ভেলেকে তিনি বলেন, ”জেলার নেতারা আমার সঙ্গে যোগাযোগ করে নির্বাচন থেকে সরে আসতে বলেছেন। কিন্তু আমি নির্বাচন থেকে সরে যাচ্ছি না। কারণ দলের কর্মীদের দাঁড়ানোর জায়গা নেই। তারা মনে করছেন, আমি নির্বাচিত হলে ছোট হলেও দলের একটি দাঁড়ানোর জায়গা হবে। আমার পক্ষে গণজোয়ার উঠেছে।„ নির্বাচন করার ব্যাপারে আওয়ামী লীগের কোনো চাপ আছে কি না? জানতে চাইলে তিনি ডয়চে ভেলেকে বলেন, ”না, আওয়ামী লীগের সঙ্গে আমার কোনো যোগাযোগ নেই। কেউ কিছু আমাকে বলেনি। আমি বিএনপি নেতা হিসেবে নয়, স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করছি।„ এদিকে নাটোরের সিংড়া উপজেলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে অপহরণ ও মারধরের ঘটনার পর লুৎফুল হাবীব রুবেল নিজের প্রার্থিতা প্রত্যাহার করে নিয়েছেন। রোববার সকালে নাটোরের গণমাধ্যমকর্মীদের কাছে পাঠানো এক ভিডিও বার্তায় নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন তিনি। রুবেল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের শ্যালক। ভিডিওতে নিজেকে ষড়যন্ত্রের শিকার দাবি করে লুৎফুল হাবীব রুবেল বলেন, ”আমি ২০০২ সাল থেকে ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত। ২০০৫ সালে সিংড়া গোলই আফরোজ কলেজ ছাত্রলীগের সভাপতি ছিলাম। বর্তমানে উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্বরত আছি। গত ৩রা এপ্রিল ইউনিয়ন পরিষদ থেকে পদত্যাগ করি। ইউনিয়ন পরিষদেও পরপর তিন বার নির্বাচিত হয়েছি আমি। যে পরিস্থিতি তৈরি হয়েছে তার সাথে আমি জড়িত নই। আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হয়েছে। আমাকে নির্বাচন থেকে দূরে রাখতে বিভিন্ন মহল সক্রিয় রয়েছে। প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের নির্দেশনা অনুযায়ী মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছি। অফিসিয়াল যে প্রক্রিয়াগুলো রয়েছে সেগুলো যত দ্রুত সম্ভব সম্পন্ন করব।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ:২১.০৪.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### দেশের বিভিন্ন স্থানে আগামীকাল সাময়িক বন্ধ থাকবে গ্যাসের সরবরাহ

গ্যাস পাইপ লাইনে জরুরী কাজের জন্য আগামীকাল দেশের বিভিন্ন স্থানে গ্যাস সরবরাহ বন্ধ থাকবে। রোববার গণমাধ্যমকে পাঠানো এক বার্তায় এ তথ্য জানায় তিতাস গ্যাস কর্তৃপক্ষ। বার্তায় জানানো হয় সোমবার দুপুর ২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত দুই ঘণ্টা সাভারের টঙ্গাবাড়ি, আশুলিয়া, খেজুরবাগান, গৌরীপুর, কুমকুমারি ও আক্রান এলাকায় সকল শ্রেণির গ্রাহকদের গ্যাস সরবরাহ বন্ধ থাকবে। এছাড়া উক্ত সময়ে আশেপাশের এলাকায় গ্যাসের স্বল্প চাপ বিরাজ করতে পারে। গ্রাহকদের সামরিক অসুবিধার জন্য কর্তৃপক্ষ দুঃখ প্রকাশ করেছেন।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২১.০৪.২০২৪ এলিনা)

### তীব্র গরমে সারাদেশে নেমে এসেছে দুর্ভোগ

তীব্র গরমে দুর্ভোগ নেমে এসেছে দেশের শহরাঞ্চল ও গ্রামীণ জনপদে। গরমের কারণে নিউমোনিয়া ও ডায়রিয়ায় আক্রান্ত হচ্ছে অনেক মানুষ। হাঁসফাঁস অবস্থা গবাদি পশুরও। এতেই ঝুঁকির মুখে পড়েছে খামারীরা। আবহাওয়া অধিদপ্তর বলছে সহসাই কমছে না তাপদাহ। সারাদেশে বয়ে যাওয়া তীব্র গরম আরো বাড়বে। মে মাসেও থাকতে পারে এই তাপদাহ। ঢাকায় তাপদাহে ওষ্ঠাগত রাজধানীবাসীর প্রাণ। ঢাকার প্রতিটি হাসপাতালে রোগীর ভিড় বেড়েই চলেছে। হঠাৎ ঢাকায় তাপমাত্রা বেড়ে যাওয়ায় নানা রোগে আক্রান্ত হচ্ছে শিশুরাও। চিকিৎসকরা বলছেন, এই গরমে ৩ থেকে ১২ বছরের শিশুরা সবচেয়ে বেশি আক্রান্ত ভুগছে নিউমোনিয়ায়।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ২১.০৪.২০২৪ এলিনা)

## সেনা সদস্যদের দেশপ্রেমে উদ্‌বুদ্ধ হয়ে দায়িত্ব পালনের আহ্বান প্রধানমন্ত্রী শেখ হাসিনার

দেশপ্রেমে উদ্‌বুদ্ধ হয়ে দায়িত্ব পালনের জন্য সেনা সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আধুনিক সব ধরনের প্রশিক্ষণ আর জ্ঞান থাকতে হবে সেনা সদস্যদের। রোববার চট্টগ্রাম শেখ মুজিব ব্যাটারি কমপ্লেক্স উদ্‌বোধন শেষে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। শেখ হাসিনা বলেন, এখন বেশিরভাগ যুদ্ধই ডিজিটাল পদ্ধতিতে হচ্ছে। তাই সেনা সদস্যদের সব ধরনের আধুনিক জ্ঞান থাকতে হবে। তিনি বলেন, জাতিসংঘের শান্তিরক্ষী মিশনে আমাদের সশস্ত্র বাহিনী বিশেষ অবদান রেখে চলেছে। এছাড়া বিভিন্ন দেশের সশস্ত্র বাহিনীর সাথে তাদের কাজ করতে হয়। আমরা চাই না আমাদের বাহিনী কারো থেকে পিছিয়ে থাকুক। সেজন্য তাদেরকে সব ধরনের আধুনিক প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২১.০৪.২০২৪ এলিনা)

## দুবাইয়ের আল হামরিয়া বন্দরে নোঙ্গর করেছে এমভি আব্দুল্লাহ

সোমালিয়ান জলদস্যুদের হাত থেকে মুক্ত জাহাজ এমভি আব্দুল্লাহ দুবাইয়ের হামরিয়া বন্দরে নোঙ্গর করেছে। রোববার বাংলাদেশ সময় বিকেল সাড়ে চারটার দিকে জাহাজটি দুবাইয়ে নোঙ্গর করে। জাহাজের মালিক কর্তৃপক্ষ কেএসআরএম গ্রুপের সিইও মেহেরুন করিম গণমাধ্যমকে জানিয়েছেন, রাতে জোয়ারের সময় জাহাজটি বন্দরের জেটিতে ঢুকবে। এরপর জাহাজে থাকা মোজাম্বিক থেকে আনা ৫০০ টন কয়লা খালাস শুরু হবে। জাহাজের ২৩ জন নাবিকের মধ্যে দুইজন বিমানে দেশে ফিরেছেন। বাকি ২১ জন জাহাজে করে চট্টগ্রামে আসবেন। গত ১২ই মার্চ আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার সময় ২৩ নাবিকসহ এমভি আব্দুল্লাহ সোমালিয়ান জলদস্যুদের হাতে জিম্মি হয়। পরে ১৪ই এপ্রিল সোমালিয়ান জলদস্যুদের জিম্মিদশা থেকে মুক্ত হয়ে দুবাইয়ের আল হামরিয়ার দিকে রওনা হয়। অপহরণের ৩১ দিন পর ১৪ এপ্রিল জাহাজটি অপহরণকারীদের হাত থেকে মুক্ত হয়। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২১.০৪.২০২৪ এলিনা)

## ফুটবল ক্রিকেটের পাশাপাশি দেশীয় খেলাকে প্রাধান্য দিতে হবে : প্রধানমন্ত্রী

শুধু ক্রিকেট ফুটবল নয়, এর পাশাপাশি দেশীয় খেলাধুলাকে প্রাধান্য দেওয়ার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার বঙ্গবন্ধু এবং বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এই আহ্বান জানান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, খেলাধুলার চর্চা বৃদ্ধি করতে সব উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম বানানো হচ্ছে। খেলাধুলার মধ্য দিয়ে ছেলে-মেয়েদের মেধা আরো বিকাশিত হবে। এ সময় সরকার প্রধান আরো বলেন, যখনই ক্ষমতায় এসেছি খেলাধুলার প্রতি ছেলে-মেয়েদের উৎসাহ বৃদ্ধি করেছি। খেলাধুলা চর্চার মধ্য দিয়ে শিশুরা শৃঙ্খলা, শরীর চর্চা এবং দেশপ্রেমের শিক্ষা পাক এটাই আমাদের প্রত্যাশা।

(রেডিও টুডে: ৮৪৫ ঘ. ২১.০৪.২০২৪ আসাদ)

## শনিবার রাতে চট্টগ্রামে ৩.৭ মাত্রার ভূমিকম্পন অনুভূত হয়েছে

চট্টগ্রামে ৩.৭ মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। শনিবার রাত ১০:৪৬ মিনিটে এই ভূকম্পন অনুভূত হয়। এটির উৎপত্তি ছিল রাঙ্গামাটি জেলার কাপ্তাই উপজেলায়। ইউরোপীয় ভূমধ্যসাগরীয় সিসমোলজিক্যাল সেন্টার বা ইএমএসসি জানাই ভূমিকম্পটির উৎপত্তিস্থল ভূপৃষ্ঠ থেকে ১০ কিলোমিটার গভীরে ছিল। বন্দরনগরী চট্টগ্রাম থেকে ৪৩ কিলোমিটার দূরে এটি আঘাত হানে। তবে তাৎক্ষণিকভাবে ক্ষয়ক্ষতির বিষয়ে কোনো তথ্য পাওয়া যায়নি।

(রেডিও টুডে:৮৪৫ ঘ. ২১.০৪.২০২৪ আসাদ)

## চট্টগ্রামে `মুজিব ব্যাটারি, কমপ্লেক্স উদ্‌বোধন করলেন প্রধানমন্ত্রী

বাংলাদেশ সেনাবাহিনীর আর্টিলারি সেন্টারে বঙ্গবন্ধু শেখ মুজিব ব্যাটারি কমপ্লেক্স উদ্‌বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রোববার সকাল সাড়ে দশটায় এর উদ্‌বোধন করেন তিনি। এ সময় বাংলাদেশ সেনাবাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তা-সহ আরো অনেকে উপস্থিত ছিলেন। এর আগে সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব ব্যাটারি কমপ্লেক্স উদ্‌বোধন করতে হেলিকপ্টার করে চট্টগ্রামে পৌঁছান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রোববার দুপুরে আবারো হেলিকপ্টার যোগে ঢাকায় ফিরে আসবেন তিনি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০৪.২০২৪ আসাদ)

## আসন্ন বোরো মৌসুম ৪৫ টাকা দরে চাল ও ৩২ টাকা দরে ধান কিনবে সরকার

প্রতিবারের মতো এবারও বোরো মৌসুমে ধান ও চাল কিনবে সরকার। ৭ই মে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম অভিযান শুরু হবে। অভ্যন্তরীণ বাজার থেকে ৩২ টাকা দরে ৫ লাখ টন বোরো ধান, ৪৫ টাকা দ্বারা ১১ লাখ মেট্রিক টন সিদ্ধ চাল এবং ১ লাখ মেট্রিক টন আতপ চাল সংগ্রহ করা হবে। সব মিলিয়ে আসন্ন বোরো মৌসুমে অভ্যন্তরীণ বাজার থেকে ১৭ লাখ টন ধান ও চাল কিনবে সরকার। রোববার সচিবালয়ে খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদারের সভাপতিত্বে খাদ্য পরিকল্পনা ও পরিধান কমিটির সভায় এই সিদ্ধান্ত হয়। বৈঠক শেষে খাদ্যমন্ত্রী সাংবাদিকদের এই তথ্য জানান। একইসঙ্গে ৩৪ টাকা দরে ৫০ হাজার টন গম ও কেনার সিদ্ধান্ত নিয়েছে কমিটি।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০৪.২০২৪ আসাদ)

## ব্যারিস্টার মাহাবুবউদ্দিন খোকনকে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম থেকে অব্যাহতি দেয়া হয়েছে

দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকনকে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম থেকে অব্যাহতি দেয়া হয়েছে। তিনি এই সংগঠনের সিনিয়র সহ-সভাপতি ছিলেন। রোববার জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের দপ্তর সম্পাদক মো. জিয়াউর রহমান স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে অব্যাহতির বিষয়টি নিশ্চিত করা হয়েছে। এর আগে ২৭শে মার্চ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি ২০২৪-২৫ মেয়াদে নির্বাচনে বিএনপির প্যানেল থেকে বিজয়ী সভাপতি ব্যারিস্টার মাহবুবউদ্দিন উদ্দিন খোকন-সহ চারজনকে দায়িত্ব গ্রহণ থেকে বিরত থাকতে চিঠি দেয় জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম। তবে দলীয় ফোরামের সিদ্ধান্ত উপেক্ষা করে ৪ঠা এপ্রিল সভাপতি পদে নির্বাচিত  ব্যারিস্টার এম মাহবুব উদ্দিন খোকন দায়িত্ব গ্রহণ করেন। তবে প্যানেল থেকে জয়ী নির্বাচিত বিএনপি- জামায়াত পন্থী অন্য তিন সদস্য দায়িত্ব গ্রহণ করেননি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০৪.২০২৪  আসাদ)

## ট্রেন থেকে নামতে গিয়ে গুরুতর আহত হয়েছেন অধ্যাপক আনু মোহাম্মদ

রাজধানীর খিলগাঁওয়ে ট্রেন থেকে নামার সময় আহত হয়েছেন তেল, গ্যাস, খনিজ সম্পদ ও বিদ্যুৎ বন্দর রক্ষা জাতীয় কমিটির সদস্য সচিব অধ্যাপক আনু মোহাম্মদ। তার দুই পায়ের পাতা ক্ষতিগ্রস্ত হয়েছে। রোববার সকাল দশটার দিকে এই দুর্ঘটনা ঘটে। আহত অবস্থায় তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসা হয়েছে। ঢাকা মেডিকেলের জরুরি বিভাগের চিকিৎসকরা জানিয়েছেন অধ্যাপক আনু মোহাম্মদের বাঁ পায়ের সবগুলো আঙ্গুল কাটা পড়েছে। আর ডান পায়ের বৃদ্ধাঙ্গুলি ক্ষতিগ্রস্ত হয়েছে। তাকে জরুরী বিভাগে ভর্তি রাখা হয়েছে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০৪.২০২৪  আসাদ)

## সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদের তৃতীয় ধাপের ফল প্রকাশ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্ব খাতে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৩ এর  তৃতীয় ধাপে তিন পার্বত্য জেলা ব্যতীত ঢাকা ও চট্টগ্রাম বিভাগের ২১টি জেলার লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। পরীক্ষায় ২৩ হাজার ৫৭ জন উত্তীর্ণ হয়েছেন। আজ রোববার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, লিখিত পরীক্ষায় ২৩ হাজার ৫৭ জন উত্তীর্ণ হয়েছেন। গত ২৯ মার্চ এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার্থীয় অংশ নেন ৩ লাখ ৪৯ হাজার ২৯৩ জন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ফলাফল পাওয়া যাবে। উত্তীর্ণ পরীক্ষার্থীরা মোবাইলেও মেসেজ পাবেন। মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানানো হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০৪.২০২৪ আসাদ)

## মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে ২ বাংলাদেশি জেলে আহত

কক্সবাজারের টেকনাফে নাফ নদীতে বাংলাদেশি জেলেদের লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি করেছে মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনী বিজিপি। এতে দুজন গুলিবিদ্ধ হয়েছেন। রোববার এই গোলাগুলির ঘটনা ঘটেছে। তাৎক্ষণিকভাবে গুলিবিদ্ধদের পরিচয় জানা যায়নি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০৪.২০২৪ আসাদ)

## দেশের উপর দিয়ে চলমান উচ্চ তাপমাত্রা আপাতত কমার সম্ভাবনা নেই : আবহাওয়া অধিদপ্তর

আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে আজ রোববার ঢাকার তাপমাত্রা দিনশেষে হতে পারে ৪০ ডিগ্রি সেলসিয়াস। আগামী বুধবার বা বৃহস্পতিবার ঢাকা-সহ দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি হতে পারে। তবে তাপমাত্রা অপরিবর্তিত থাকবে। আবহাওয়াবিদ মো. ওমর ফারুক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে সকাল ৯টা থেকে পরবর্তী ৭২ ঘণ্টার পূর্বাভাসে এই তথ্য জানানো হয়। এছাড়া ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের দূরে জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া-সহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশ-সহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২১.০৪.২০২৪ আসাদ)

## দেশের সার্বভৌমত্ব রক্ষায় বাংলাদেশ সর্বদা প্রস্তুত : প্রধানমন্ত্রী

যেকোনো বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশের সার্বভৌমত্ব রক্ষায় বাংলাদেশ সর্বদা প্রস্তুত ও দৃঢ়প্রতিজ্ঞ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আমাদের বৈদেশিক নীতির মূল চালিকাশক্তি হচ্ছে `সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে বৈরিতা নয়,। প্রতিবেশী সব রাষ্ট্রের সঙ্গে শান্তিপূর্ণ সহাবস্থানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নই আমাদের লক্ষ্য। কিন্তু যে কোনো আগ্রাসী বহিঃশত্রুর আক্রমণ হতে দেশের সার্বভৌমত্ব রক্ষার জন্য আমরা সদা প্রস্তুত ও দৃঢ় সংকল্পবদ্ধ। রোববার সকালে চট্টগ্রামের হালিশহরে আর্টিলারি সেন্টার অ্যান্ড স্কুলে বঙ্গবন্ধু শেখ মুজিব ব্যাটারি কমপ্লেক্সের উদ্বোধনী ফলক উন্মোচন শেষে তিনি এসব কথা বলেন। মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশ ও জনগণের কল্যাণে সেনাসদস্যরা দেশপ্রেম, পেশাদারিত্ব ও নিষ্ঠা নিয়ে কাজ করবেন বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২১.০৪.০২০২৪  আসাদ)

### গরমে অসুস্থ রোগীর চিকিৎসায় হাসপাতাল প্রস্তুতের নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

সারা দেশে বইছে তীব্র তাপপ্রবাহ। তীব্র গরমে ডায়রিয়া, সর্দি-কাশিসহ নানা রোগে আক্রান্ত হচ্ছে মানুষ। এসব রোগীর সেবায় সারা দেশের হাসপাতালগুলো প্রস্তুত রাখার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। একইসঙ্গে খুব প্রয়োজন ছাড়া অন্য রোগে আক্রান্তদের ভর্তি না করার অনুরোধ করা হয়েছে। আজ রোববার সচিবালয়ে সংবাদ সম্মেলনে এ নির্দেশ দেন তিনি। স্বাস্থ্যমন্ত্রী বলেন, গরমে হিট স্ট্রোকের ঝুঁকি থাকে। এই রোগী ব্যবস্থাপনায় নতুন নীতিমালা তৈরি করা হয়েছে এবং হাসপাতালগুলোতে এ নীতিমালা পৌঁছে দেওয়া হয়েছে। স্যালাইন ও ওষুধ পর্যাপ্ত মজুদ আছে। দাবদাহের কারণে কোল্ড কেস রোগীদের এই মুহূর্তে হাসপাতালে ভর্তি না করা ও এখনই অস্ত্রোপচার প্রয়োজন নয় এমন রোগী হাসপাতালে না রাখার পরামর্শ দেন তিনি।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২১.০৪.০২০২৪ আসাদ)

### বিএনপি'র প্রতি মানুষের এক ধরনের ঘৃণা রয়েছেঃ ওবায়দুল কাদের

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের দুরভিসন্ধিমূলক ও বিভ্রান্তিকর বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। রোববার এক বিবৃতিতে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেছেন, বিএনপির নেতিবাচক কর্মকাণ্ডের প্রতি জনগণের কোনো আগ্রহ নেই বরং বিএনপির প্রতি তাদের এক ধরনের ঘৃণা রয়েছে। যে কারণে জনগণ বার বার তাদের প্রত্যাখ্যান করেছে। বিএনপির নেতারা তাদের দুঃশাসনের দুর্বিষহ দিনগুলোতে জনগণকে ফিরিয়ে নিয়ে যেতে চায়। বাংলাদেশ আওয়ামী লীগ অভূতপূর্ব উন্নয়ন-অগ্রগতি এবং ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে দেশ ও দেশের জনগণকে সামনে এগিয়ে নিয়ে যাচ্ছে। যা দেখে বিএনপির গাত্রদাহ হয়। তিনি বলেন, বিভিন্ন সময় বিএনপি ও তার দোসরদের যৌথ উদ্যোগে প্রযোজিত ও পরিচালিত সকল ষড়যন্ত্র ব্যর্থ হওয়ায় তারা আরও বেপরোয়া হয়ে ওঠার চেষ্টা করছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২১.০৪.২০২৪ আসাদ)

### কাতার আমিরের সফরে ৬ চুক্তি ও ৫ সমঝোতা স্মারক সই হবে : পররাষ্ট্রমন্ত্রী

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানিকে স্বাগত জানাতে প্রস্তুত ঢাকা। সোমবার বিকেলে বাংলাদেশ সফরে আসবেন তিনি। এ সফরে বাংলাদেশ ও কাতারের মধ্যে ১১টি সহযোগিতার বিষয়ে ৬টি চুক্তি ও ৫টি সমঝোতা স্মারক সই হবে। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ এ তথ্য জানান। পররাষ্ট্রমন্ত্রী জানান, ৬টি চুক্তির মধ্যে একটি হলো বন্দী বিনিময় চুক্তি। তিনি আরো বলেন,`এই সফরের মাধ্যমে বাংলাদেশ ও কাতারের মধ্যকার সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছাবে। চলতি বছর নতুন সরকার গঠনের পর মধ্যপ্রাচ্য থেকে এটিই প্রথম উচ্চ পর্যায়ের সফর। এছাড়া বাণিজ্য ও বিনিয়োগ, দ্বৈত কর পরিহার, জনশক্তি রপ্তানি সংক্রান্ত নথিও সই হবে। দ্বিপক্ষীয় ক্ষেত্রে সহযোগিতার ক্ষেত্র ছাড়াও ফিলিস্তিন-ইসরায়েলসহ বৈশ্বিক ইস্যু নিয়েও আলোচনা হবে, যেখানে বাংলাদেশ তার অবস্থান তুলে ধরবে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২১.০৪.০২০২৪ আসাদ)

### আসন্ন উপজেলা নির্বাচন শান্তিপূর্ণ ও নিরপেক্ষ করতে চাই: ইসি আলমগীর

নির্বাচন কমিশনার মোহাম্মদ আলমগীর বলেছেন, সংসদ নির্বাচনে যে ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে, উপজেলা নির্বাচনেও একই ধরনের ব্যবস্থা নেওয়া হবে। এখানে কে কার আত্মীয় এসব বিবেচ্য বিষয় নয়। যে যারই আত্মীয় হোক না কেন তার বিষয়ে কোনো ছাড় দেওয়া হবে না। রোববার দুপুরে নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাচন উপলক্ষ্যে জেলার রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর স্থানীয় কর্তৃপক্ষ ও নির্বাচন সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সঙ্গে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। ইসি আলমগীর আরও বলেন, আমরা একটা সুষ্ঠু শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন চাই। আমরা কোনো অপশক্তি, কোনো অন্যায়ের কাছে মাথা নত করব না। নির্বাচন যেন শান্তিপূর্ণ হয়, সেজন্য আমাদের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, আমাদের প্রশাসন এবং অন্যান্য বিভাগ ব্যবস্থা নিয়েছে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২১.০৪.০২০২৪ আসাদ)

## জাগো এফএম

### কাতারের আমিরের ঢাকা সফরে ৬ চুক্তি ও ৫ সমঝোতা সই হতে পারে : পররাষ্ট্রমন্ত্রী

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির ঢাকা সফরে দুইদেশের মধ্যে ১১টি চুক্তি ও সমঝোতা স্মারক সই হওয়ার সম্ভাবনার কথা জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। এমনকি কাতারের আমিরের এ সফরকে বাংলাদেশ `বিনিয়োগের সম্ভাবনা, হিসেবে দেখছে বলেও জানান তিনি। কাতারের আমিরের ঢাকা সফর শুরুর একদিন আগে রোববার, ২১শে এপ্রিল দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বিস্তারিত তুলে ধরেন হাছান মাহমুদ। রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর আমন্ত্রণে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল দুইদিনের রাষ্ট্রীয় সফরে আগামীকাল সোমবার ঢাকায় আসছেন। গত জানুয়ারিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী

লীগ ফের সরকার গঠনের পর মধ্যপ্রাচ্যের কোনো রাষ্ট্রপ্রধানের এটিই প্রথম ঢাকা সফর হতে যাচ্ছে। সফরের বিস্তারিত তুলে ধরে পররাষ্ট্রমন্ত্রী জানান, 'কাতারের আমিরের এ সফরে ১১টি দ্বিপক্ষীয় দলিল সই হওয়ার কথা রয়েছে। তার মধ্যে ৬টি চুক্তি এবং ৫টি সমঝোতা স্মারক। দ্বৈতকর পরিহার ও কর ফাঁকি সংক্রান্ত চুক্তি, আইনগত বিষয়ে সহযোগিতা সংক্রান্ত চুক্তি, সাগরপথে পরিবহন সংক্রান্ত চুক্তি, উভয় দেশের পারস্পরিক বিনিয়োগ উন্নয়ন ও সুরক্ষা সংক্রান্ত চুক্তি, দু,দেশের মধ্যকার দণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের বদলি সংক্রান্ত চুক্তি এবং যৌথ ব্যবসা পরিষদ গঠন সংক্রান্ত চুক্তির পাশাপাশি শ্রমশক্তি, বন্দর পরিচালনা, উচ্চ শিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণা, যুব ও ক্রীড়া ক্ষেত্র এবং কূটনৈতিক প্রশিক্ষণে সহযোগিতা সংক্রান্ত পাঁচটি সমঝোতা স্মারক স্বাক্ষরের কথা রয়েছে।' বাংলাদেশ ও কাতারের বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্ক অত্যন্ত গভীর, বন্ধুত্বপূর্ণ ও বহুমুখী উল্লেখ করে ড. হাছান মাহমুদ বলেন, 'কাতার বঙ্গবন্ধুর সরকারকালীন ১৯৭৪ সালে বাংলাদেশকে স্বীকৃতি দেওয়া অন্যতম মুসলিম রাষ্ট্র। প্রধানমন্ত্রীর বিগত ২০২৩ সালের মার্চ ও মে মাসে দুইবার কাতার সফরের মাধ্যমে উভয় দেশের মধ্যকার দ্বিপক্ষীয় সম্পর্ক সুদৃঢ় অবস্থানে উপনীত হয়েছে। এরই ধারাবাহিকতায় কাতারের আমির বাংলাদেশে সফর করবেন।' সফরের আলোচ্য বিষয় সম্পর্কে মন্ত্রী বলেন, 'সাম্প্রতিককালে কাতারের সঙ্গে বিভিন্ন পর্যায়ে কূটনৈতিক যোগাযোগ ও আলোচনার মাধ্যমে দ্বিপক্ষীয় সহযোগিতার পরিধি সম্প্রসারণের লক্ষ্যে ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, জ্বালানি, বিমান চলাচল, কৃষি, খাদ্য নিরাপত্তা ও জলবায়ু পরিবর্তন ইত্যাদি ক্ষেত্রসমূহকে চিহ্নিত করা হয়েছে।' সফরসূচি নিয়ে পররাষ্ট্রমন্ত্রী জানান, '২২শে এপ্রিল বিকেলে বা সন্ধ্যায় বিশেষ বিমানযোগে কাতারের আমির ঢাকা পৌঁছাবেন। রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বিমানবন্দরে কাতারের আমিরকে রাষ্ট্রীয় অতিথি হিসেবে স্বাগত জানাবেন। আমিরকে গার্ড অফ অনার দেওয়া হবে। পরদিন ২৩শে এপ্রিল সকালে পররাষ্ট্রমন্ত্রী এবং পরে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন কাতারের আমির। এরপর গণভবনে চুক্তি ও সমঝোতা স্মারক সই অনুষ্ঠান হবে। ওইদিন দুপুরে রাষ্ট্রপতির সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ ও রাষ্ট্রীয় মধ্যাহ্নভোজনে অংশ নেবেন আমির। সন্ধ্যায় তিনি বিশেষ বিমানযোগে ঢাকা ত্যাগ করবেন।' সংবাদ সম্মেলনে মন্ত্রী আরো জানান, 'বাংলাদেশ ও কাতারের বন্ধুত্বের নিদর্শনস্বরূপ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন মিরপুরের কালশী এলাকায় বালুর মাঠে নির্মিতব্য পার্ক ও মিরপুর ইসিবি চত্বর থেকে কালশী উড়াল সেতু পর্যন্ত সড়কটি আমিরের নামে নামকরণ করার কার্যক্রম চলছে। আগামী ২৩শে এপ্রিল বিকেল ৩টায় কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানির এ দুটি স্থাপনা উদ্‌বোধনের কথা রয়েছে। কাতারের আমিরের এ সফরের তাৎপর্য সর্ম্পকে পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাসসমৃদ্ধ সর্বোচ্চ গড় মাথাপিছু আয়ের দেশ কাতার শক্তিশালী অর্থনীতি, ভূ-রাজনৈতিক অবস্থান ও কূটনৈতিক তৎপরতা ও মধ্যস্থতার কারণে মধ্যপ্রাচ্যে একটি প্রভাবশালী দেশ হিসেবে বিবেচিত। কাতার মধ্যপ্রাচ্যে বাংলাদেশের অন্যতম শ্রমবাজার যেখানে প্রায় চার লাখ বাংলাদেশি কর্মরত। পাশাপাশি বিপুল পরিমাণ সার্বভৌম তহবিলের অধিকারী কাতার বাংলাদেশের জন্য একটি সম্ভাবনাময় বিনিয়োগের উৎস হিসেবে বিবেচিত। তিনি জানান, তদুপরি কাতার বাংলাদেশের জন্য জ্বালানি আমদানির ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ উৎস। পরিশেষে, কাতারের আমিরের এই সফর বাংলাদেশ এবং কাতারের দ্বিপক্ষীয় সম্পর্কের ক্ষেত্রে একটি মাইলফলক হিসেবে পরিগণিত হবে। প্রধানমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশের পররাষ্ট্রনীতির সফল বাস্তবায়নের মাধ্যমে মধ্যপ্রাচ্যের দেশ কাতারের সাথে বাংলাদেশের সহযোগিতার সম্পর্ক আরো সুদৃঢ় হবে।' কাতারের সঙ্গে বাকিতে তেল কেনার বিষয়ে কোনো আলোচনা হবে কি না এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'যেহেতু সৌদি আরবের সাথে আমাদের রেফার্ড পেমেন্টে তেল কেনার চুক্তি রয়েছে, কাতারের আমিরের সফরে এ বিষয়ে আলোচনা হতে পারে।' অন্য এক প্রশ্নে মন্ত্রী বলেন, 'কাতার চাইলে দেশের কোনো একটি অর্থনৈতিক অঞ্চলে তাদের বরাদ্দ দেওয়ার বিষয়ে আলোচনা হতে পারে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## বিএনপিই গণতন্ত্র ধ্বংসের অপচেষ্টা চালাচ্ছে : পররাষ্ট্রমন্ত্রী

বিএনপিই গণতন্ত্র ধ্বংসের অপচেষ্টা চালাচ্ছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। রোববার, ২১শে এপ্রিল দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেছেন, `বর্তমান সরকার গণতন্ত্র ব্যবস্থাকে ধ্বংস করেছে,। এ বিষয়ে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে প্রতিক্রিয়া জানতে চাইলে ড. হাছান মাহমুদ বলেন, `বর্তমান সরকারের হাত ধরেই দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে, নির্বাচন ব্যবস্থা সুপ্রতিষ্ঠিত হয়েছে। পক্ষান্তরে গণতন্ত্র ব্যবস্থাকে ধ্বংস করার জন্য ক্রমাগত চেষ্টা চালিয়ে যাচ্ছে বিএনপি। নির্বাচনি ব্যবস্থা বলুন, গণতান্ত্রিক ব্যবস্থা বলুন বিএনপি সবকিছু ধ্বংস করার জন্য সবসময়ই অপচেষ্টা চালিয়ে যাচ্ছে।, তিনি আরো বলেন, `আমরা চাই বিএনপি ঘুরে দাঁড়াক; কিন্তু তারা ক্রমাগত নিজেরাই ধ্বংসের দ্বারপ্রান্তে উপনীত হচ্ছে।, সংবাদ সম্মেলন শেষে পররাষ্ট্রমন্ত্রী এদিন ভারতের আসামের পরিবেশ ও বনমন্ত্রী চন্দ্রমোহন পাটওয়ারীর সহধর্মিণী প্রখ্যাত লেখক গবেষক ড. রীতা চৌধুরী রচিত বাংলাদেশের মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাসত্রয়ী `নেভারল্যান্ড, সিরিজের প্রথম বই `জিরো আওয়ার, এবং বঙ্গবন্ধুর `অসমাপ্ত আত্মজীবনী, ও `কারাগারের রোজনামচার

অহমিয়া ভাষার সংস্করণের মোড়ক উন্মোচন করেন। মোড়ক উন্মোচনে আরো অংশ নেন, ড. রীতা চৌধুরী, বাংলাদেশের বিশিষ্ট কবি আমিনুর রহমান এবং আসামের ব্যতিক্রম প্রকাশনী সংস্থার পরিচালক ড. সৌমেন ভারতীয়া। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## জাতিসংঘের বিভিন্ন প্রকল্পে বরাদ্দ অর্থ সহজে ছাড়ের অনুরোধ পররাষ্ট্রমন্ত্রীর

জাতিসংঘের বিভিন্ন প্রকল্পে বরাদ্দ করা অর্থ সহজে ছাড় করার বিষয়ে ইউএনডিপির আবাসিক প্রতিনিধিকে অনুরোধ জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। রোববার, ২১শে এপ্রিল বাংলাদেশে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার সৈয়দ আহমেদ মারুফ এবং ঢাকায় ইউএনডিপির আবাসিক প্রতিনিধি স্টেফান লিলার পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় তিনি এ অনুরোধ জানান। মন্ত্রী জানান, 'পাকিস্তানের সঙ্গে ব্যবসা সম্প্রসারণে রফতানি বৃদ্ধিসহ দ্বিপক্ষীয় নানান বিষয়ে আলোচনা হয়েছে। পাশাপাশি ১৯৭১ সালে সংঘটিত গণহত্যাকে পাকিস্তানের পক্ষ থেকে স্বীকারের বিষয়টিও উত্থাপন করেছি।' ইউএনডিপির আবাসিক প্রতিনিধির সঙ্গে বৈঠকে সংস্থাটির সঙ্গে বাংলাদেশের ৫০ বছরের সহযোগিতার সম্পর্কের ওপর আলোকপাত করা হয়। পাশাপাশি জাতিসংঘের বিভিন্ন প্রকল্পে বরাদ্দ অর্থ সহজে ছাড় করার বিষয়টিও আলোচনায় স্থান পায়। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## পরিকল্পনা অনুযায়ী বনায়ন করলে তাপমাত্রা ৩ থেকে ৪ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে : পরিবেশমন্ত্রী

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী সাবের হোসেন চৌধুরী বলেছেন, `শহরাঞ্চলে পরিকল্পনা অনুযায়ী বনায়ন করা গেলে তাপমাত্রা ৩ থেকে ৪ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে। সেটা নিয়ে আমাদের পরিকল্পনা আছে।, রোববার, ২১শে এপ্রিল দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন মন্ত্রী। সোমবার, ২২শে এপ্রিল থেকে শুরু হতে যাওয়া চার দিনব্যাপী ন্যাপ এক্সপোর প্রস্তুতি সম্পর্কে জানাতে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে বন মন্ত্রণালয়। সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর মুখ্যসচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া ও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ উপস্থিত ছিলেন। সাম্প্রতিক সময়ের তাপদাহ ও বৃক্ষরোপণ প্রসঙ্গে সাবের হোসেন বলেন, 'বিভিন্ন দেশে তাদের প্রতিশ্রুতি মোতাবেক তাপ প্রশমন করছে না। যেটা প্যারিস চুক্তিতে বলা হয়েছে তার চেয়ে বেশি। এর উপরে আমাদের নিয়ন্ত্রণ নেই। গত কয়েক বছর ধরে আমরা নগর বনায়ন চালু রাখতে পারিনি। এখন থেকে আমরা এটা নিয়ে কাজ করব। শহরাঞ্চলে পরিকল্পনা অনুযায়ী বনায়ন করা গেলে তাপমাত্রা ৩-৪ ডিগ্রি সেলসিয়াস কমতে পারে। সেটা নিয়ে আমাদের পরিকল্পনা আছে।' মন্ত্রী বলেন, 'ঢাকায় প্রথমবারের মতো বসছে জাতিসংঘ জলবায়ু অভিযোজন সম্মেলন ন্যাশনাল অ্যাডাপটেশন প্ল্যান এক্সপো ২০২৪। ২২ থেকে ২৫শে এপ্রিল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠেয় এ সম্মেলনে বিশ্বের ১০৪টি দেশের ৩৮৩ জন প্রতিনিধি অংশ নেবেন। চার দিনব্যাপী এ সম্মেলনের উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সাবের হোসেন বলেন, 'এ দিনে প্রধানমন্ত্রী একটা গুরুত্বপূর্ণ বিষয় ঘোষণা দেবেন। সেটা হচ্ছে সারাবিশ্বে প্রথমবারের মতো একটা ক্লাইমেট ডেভেলপমেন্ট পার্টনারশিপ আমরা করছি। অর্থাৎ উন্নয়নকে আমরা জলবায়ু পরিবর্তনের চশমা দিয়ে দেখব। আগে আমরা উন্নয়ন নিয়ে ভাবতাম, তারপরে এটার নানান মাত্রা নিয়ে ভাবতাম। এখন সবকিছুই জলবায়ু পরিবর্তনের চশমা দিয়ে দেখব আমরা।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## ১৯ দিনে রেমিট্যান্স এলো ১৪ হাজার ৯৬ কোটি টাকা

চলতি এপ্রিল মাসের প্রথম ১৯ দিনে বৈধ পথে দেশে ১২৮ কোটি ১৫ লাখ ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় পাঠিয়েছেন প্রবাসী বাংলাদেশিরা। দেশীয় মুদ্রায় যার পরিমাণ প্রায় ১৪ হাজার ৯৬ কোটি টাকার বেশি। এ হিসাবে গত ১৯ দিনে দৈনিক গড়ে ৬ কোটি ৭৪ লাখ ডলার বা ৭৪১ কোটি টাকার বেশি রেমিট্যান্স এসেছে। প্রবাসী আয়ের এ ধারা অব্যাহত থাকলে পুরো মাস শেষে রেমিট্যান্স বা প্রবাসী আয় দুই বিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, চলতি এপ্রিল মাসের ১৯ দিনে ব্যাংকিং চ্যানেলে ১২৮ কোটি ১৫ লাখ ১০ হাজার ডলার এসেছে। তার মধ্যে রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ১১ কোটি ৩২ হাজার ডলার, বিশেষায়িত দুই ব্যাংকের মধ্যে একটি ব্যাংকের মাধ্যমে ৭ কোটি ৯০ লাখ মার্কিন ডলার, বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে ১০৮ কোটি ৮১ লাখ ডলার এবং বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৩৯ লাখ ৩০ হাজার মার্কিন ডলার। অন্যদিকে কোনো রেমিট্যান্স আসেনি এমন ব্যাংকের সংখ্যা রয়েছে ৯টি। যার মধ্যে রয়েছে রাষ্ট্রীয় মালিকানাধীন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক বা বিডিবিএল, বিশেষায়িত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বা রাকাব। বেসরকারি ব্যাংকগুলোর মধ্যে রয়েছে কমিউনিটি ব্যাংক, সিটিজেন্স ব্যাংক ও আইসিবি ইসলামি ব্যাংক। বিদেশি খাতের ব্যাংকগুলোর মধ্যে রয়েছে হাবিব ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া এবং উরি ব্যাংক। এর আগে বিদায়ী মার্চ মাসের পুরো সময়ে বৈধ পথে প্রায় দুই বিলিয়ন ডলারের রেমিট্যান্স আসে। ওই মাসটির পুরো সময়ে কোনো রেমিট্যান্স আসেনি রাষ্ট্রীয় মালিকানাধীন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক বা বিডিবিএল, বিশেষায়িত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বা রাকাব, বেসরকারি ব্যাংকগুলোর মধ্যে কমিউনিটি ব্যাংক, সিটিজেন্স ব্যাংক, বিদেশি খাতের হাবিব ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব

পাকিস্তান এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার মাধ্যমে। এর আগে চলতি বছরের প্রথম মাস জানুয়ারিতে ২১০ কোটি বা ২ দশমিক ১০ বিলিয়ন ডলারের রেমিট্যান্স এসেছিল এবং দ্বিতীয় মাস ফেব্রুয়ারিতে এসেছিল ২১৬ কোটি ৬০ লাখ ডলার। ২০২৩ সালের শেষ মাস ডিসেম্বরে এসেছিল ১৯৯ কোটি ডলারের রেমিট্যান্স। গত বছরের প্রথম মাস জানুয়ারিতে রেমিট্যান্স এসেছিল ১৯৫ কোটি ৮৮ লাখ ডলার, ফেব্রুয়ারিতে আসে ১৫৬ কোটি ডলার, মার্চে ২০২ কোটি, এপ্রিলে ১৬৮ কোটি, মে মাসে ১৬৯ কোটি, জুনে ২২০ কোটি, জুলাইয়ে ১৯৭ কোটি, আগস্টে ১৫৯ কোটি ৯৪ লাখ, সেপ্টেম্বর মাসে ১৩৩ কোটি, অক্টোবরে ১৯৭ কোটি, নভেম্বর মাসে এসেছিল ১৯৩ কোটি ডলার এবং শেষ মাস ডিসেম্বরে আসে ১৯৯ কোটি ডলার রেমিট্যান্স। ২০২০ সালে হুন্ডি বন্ধ থাকায় ব্যাংকিং চ্যানেলে সর্বোচ্চ রেমিট্যান্স এসেছিল। বিদায়ী ২০২২-২০২৩ অর্থবছরে ব্যাংকিং চ্যানেলে প্রবাসীরা পাঠিয়েছেন ২ হাজার ১৬১ কোটি মার্কিন ডলারের রেমিট্যান্স। এটি এ যাবৎকালের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ। এর আগে করোনাকালীন ২০২০-২০২১ অর্থবছরে সর্বোচ্চ দুই হাজার ৪৭৭ কোটি ডলারের রেমিটেন্স এসেছিল দেশে। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## ডেঙ্গু আক্রান্ত আরো ৩৪ রোগী হাসপাতালে

সারাদেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৩৪ জন রোগী। অন্যদিকে ঢাকাসহ দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে বর্তমানে চিকিৎসাধীন আছেন ১৫০ জন ডেঙ্গুরোগী। তবে এসময় কারো মৃত্যুর খবর পাওয়া যায়নি। চলতি বছরের এ পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেছেন ২৪ জন। রোববার ২১শে এপ্রিল স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ইনচার্জ ডা. মোঃ জাহিদুল ইসলামের সই করা ডেঙ্গু বিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদফতর জানায়, শনিবার, ২০শে এপ্রিল সকাল ৮টা থেকে রোববার ২১শে এপ্রিল সকাল ৮টা পর্যন্ত সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া ৩৪ জনের মধ্যে ঢাকা সিটি কর্পোরেশন এলাকার বাসিন্দা ১৭ জন এবং ঢাকার বাইরের ১৭ জন। তাদের মধ্যে সবচেয়ে বেশি বরিশাল বিভাগের ৫ জন। চলতি বছরের ১লা জানুয়ারি থেকে ২১শে এপ্রিল পর্যন্ত সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়েছেন দুই হাজার তিন জন। তাদের মধ্যে ঢাকা সিটি কর্পোরেশন এলাকার বাসিন্দা ৬৮৯ জন ও ঢাকার বাইরের এক হাজার ৩১৪ জন। গত ১লা জানুয়ারি থেকে ২১শে এপ্রিল পর্যন্ত ডেঙ্গু আক্রান্তদের মধ্যে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন এক হাজার ৮৫৩ জন। ২০২৩ সালে দেশে ডেঙ্গু আক্রান্তে ইতিহাসের সব রেকর্ড ভেঙে যায়। জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ৩ লাখ ২১ হাজার ১৭৯ জন রোগী ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হন, আর মৃত্যু হয় ১ হাজার ৭০৫ জনের। এর আগে ২০২২ সালে ডেঙ্গুতে ২৮১ জন মারা যান। ওই বছরের শেষ মাস ডিসেম্বরে ২৭ জনের মৃত্যু হয়। একই সঙ্গে আলোচ্য বছরে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হন ৬২ হাজার ৩৮২ জন। ২০২০ সালে করোনা মহামারিকালে ডেঙ্গু সংক্রমণ তেমন একটা দেখা না গেলেও ২০২১ সালে সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হন ২৮ হাজার ৪২৯ জন। একই বছর দেশব্যাপী ডেঙ্গু আক্রান্ত হয়ে ১০৫ জনের মৃত্যু হয়েছিল। স্বাস্থ্য অধিদফতরের তথ্যমতে, দেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে ২০২২ সালে ২৮১ জন, ২০২১ সালে ১০৫ জন, ২০২০ সালে সাতজন ও ২০১৯ সালে ১৭৯ জনের মৃত্যু হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## সার্বভৌমত্ব রক্ষায় সর্বদা প্রস্তুত বাংলাদেশ : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'যে-কোনো বহিঃশত্রুর আক্রমণ থেকে দেশের সার্বভৌমত্ব রক্ষায় সর্বদা প্রস্তুত ও দৃঢ়প্রতিজ্ঞ বাংলাদেশ। আমাদের বৈদেশিক নীতির মূল চালিকাশক্তি হচ্ছে সবার সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে বৈরিতা নয়। প্রতিবেশী সব রাষ্ট্রের সঙ্গে শান্তিপূর্ণ সহাবস্থানের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নই আমাদের লক্ষ্য। কিন্তু যে-কোনো আগ্রাসী বহিঃশত্রুর আক্রমণ হতে দেশের সার্বভৌমত্ব রক্ষার জন্য সদা প্রস্তুত ও দৃঢ় সংকল্পবদ্ধ।' রোববার, ২১শে এপ্রিল সকালে চট্টগ্রামের হালিশহরে আর্টিলারি সেন্টার অ্যান্ড স্কুলে বঙ্গবন্ধু শেখ মুজিব ব্যাটারি কমপ্লেক্সের উদ্‌বোধনী ফলক উন্মোচন শেষে ভাষণে একথা বলেন প্রধানমন্ত্রী। মুক্তিযুদ্ধের চেতনায় উদ্‌বুদ্ধ হয়ে দেশ ও জনগণের কল্যাণে সেনাসদস্যরা দেশপ্রেম, পেশাদারিত্ব ও নিষ্ঠা নিয়ে কাজ করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী বলেন, 'সবার সম্মিলিত প্রচেষ্টায় ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও সুখী-সমৃদ্ধ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ে তুলতে আমরা সক্ষম হব, ইনশাআল্লাহ।' শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ সরকার ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার জন্য নিরলসভাবে কাজ করে চলেছে। এজন্য বাংলাদেশ সেনাবাহিনীর প্রতিটি সদস্যকে হতে হবে তথ্য-প্রযুক্তি জ্ঞানসম্পন্ন-স্মার্ট। প্রধানমন্ত্রী সেনাবাহিনীর সদস্যদের উদ্দেশ্যে বলেন, নেতৃত্বের প্রতি অবিচল আস্থাশীল ও অনুগত থেকে কঠোর অনুশীলন, পেশাগত দক্ষতা, কর্তব্যনিষ্ঠা ও দেশপ্রেমের সমন্বয়ে তাদের গৌরব সমুন্নত রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। তিনি সেনাবাহিনীর সার্বিক উন্নয়নে তার সরকারের গৃহীত পদক্ষেপের কথা সংক্ষেপে বর্ণনা করেন। শেখ হাসিনা বলেন, 'আধুনিকায়নের ধারাবাহিকতায় বাংলাদেশ সেনাবাহিনীতে সংযোজিত হয়েছে অত্যাধুনিক বিমান, হেলিকপ্টার, ইউএভি, চতুর্থ প্রজন্মের ট্যাংক, আধুনিক এপিসি, ট্যাংক বিধ্বংসী মিসাইল ও অন্যান্য যুদ্ধ সরঞ্জাম।' প্রধানমন্ত্রী দেশের কল্যাণে সেনাবাহিনীর সার্বিক কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে বলেন, 'আজ বাংলাদেশ

সেনাবাহিনী জাতির আস্থার প্রতীক হিসেবে সুপ্রতিষ্ঠিত। তিনি বলেন, কর্মনিষ্ঠা ও পেশাদারত্বের কারণে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনেও আজ বাংলাদেশ সেনাবাহিনী প্রশংসিত। জাতিসংঘ মিশনে আমাদের সৈনিকদের সামর্থ্য এবং নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে সম্প্রতি অত্যাধুনিক লাইট আর্মার্ড ভেহিক্যাল ও মাইন রেসিস্ট্যান্ট অ্যাম্বুস প্রটেক্টেড ভেহিকেল সংযোজন করা হয়েছে।' অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ সদস্য, তিন বাহিনী প্রধান, সংসদ সদস্য, বিশিষ্ট ব্যক্তি, উর্ধ্বতন সামরিক ও অসামরিক কর্মকর্তা, বিভিন্ন পদবির অফিসার, জেসিও, অন্যান্য পদবির সেনা সদস্য এবং মিডিয়া ব্যক্তিরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## বিএনপি আরো বেপরোয়া হয়ে ওঠার চেষ্টা করছে : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আওয়ামী লীগ অভূতপূর্ব উন্নয়ন-অগ্রগতি এবং ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে দেশ ও দেশের জনগণকে সামনে এগিয়ে নিয়ে যাচ্ছে। যা দেখে বিএনপির গাত্রদাহ হয়। বিভিন্ন সময় বিএনপি ও তার দোসরদের যৌথ উদ্যোগে পরিচালিত সব ষড়যন্ত্র ব্যর্থ হওয়ায় তারা আরো বেপরোয়া হয়ে ওঠার চেষ্টা করছে এবং দেশের জনগণের মধ্যে বিভ্রান্তি ছড়িয়ে উসকানি সৃষ্টির পায়তারা করছে।' তিনি বলেন, 'বিএনপির নেতিবাচক কর্মকাণ্ডের প্রতি জনগণের কোনো আগ্রহ নেই, বরং বিএনপির প্রতি তাদের এক ধরনের ঘৃণা রয়েছে। যে কারণে জনগণ বার বার তাদের প্রত্যাখ্যান করেছে।' বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে রোববার, ২১শে এপ্রিল এক বিবৃতিতে ওবায়দুল কাদের এ কথা বলেন। মির্জা ফখরুল ইসলাম আলমগীর জনগণকে রাষ্ট্রযন্ত্র ঝাঁকুনি দেওয়ার আহ্বান জানিয়েছে। অথচ বিএনপি নিজেই রাজনৈতিকভাবে টালমাটাল অবস্থায় রয়েছে। ব্যর্থ রাজনীতির ধারায় হাঁটায় হোঁচট আর ঝাঁকুনির প্রকোপে পর্যদুস্ত বিএনপি। এ ঝাঁকুনি হলো বার বার পরাজয়ের ঝাঁকুনি। হতাশার গভীরে নিমজ্জিত হয়ে বিএনপির নেতাদের বোধশক্তি লোপ পেয়েছে। দিন দিন তারা দেশ, রাষ্ট্র ও জনগণকে শত্রুতে পরিণত করে চলেছে। বিবৃতিতে ওবায়দুল কাদের বলেন, 'মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছে তাদের অর্জনগুলো নাকি বর্তমান সরকার ধ্বংস করেছে। অথচ বিএনপি দেশের অগ্রগতি ও জনগণের ভাগ্যোন্নয়নে কী ভূমিকা রেখেছে? বরং দেশের গণতন্ত্র ধ্বংস করে হত্যা, গুম ও ষড়যন্ত্রের রাজনীতির প্রচলন করেছিল বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান। বিএনপি-জামায়াত জোট সরকারের আমলে বাংলাদেশ পাঁচ বার দুর্নীতিতে চ্যাম্পিয়ন হয়েছিল। বিএনপির আমলে রাষ্ট্রের কোনো প্রতিষ্ঠান গড়েতো ওঠেইনি, বরং তারা ক্ষমতা কুক্ষিগত করার লক্ষ্যে সব রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে নিজেদের ইচ্ছামতো ব্যবহার করেছে। রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে স্বাধীনভাবে কাজ করতে না দিয়ে সেগুলোকে যেন বিএনপির কার্যালয় ও হাওয়া ভবনের সঙ্গে অঙ্গীভূত করে দুর্নীতিকে প্রাতিষ্ঠানিক রূপ দিয়েছিল। এগুলোই বিএনপির অর্জন, যা জনগণ বর্জন করে আসছে। বিএনপি কখনোই ইতিবাচক কিছু অর্জন করতে পারবে না।' বিবৃতিতে তিনি বলেন, 'শেখ হাসিনার নেতৃত্বে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে বর্তমান সরকার। আওয়ামী লীগ টানা চতুর্থবারের মতো রাষ্ট্র পরিচালনার দায়িত্বে এসেছে। দেশের স্বার্থ আর জনগণের কল্যাণ অগ্রাধিকার দিয়ে কাজ করে যাচ্ছে আওয়ামী লীগ সরকার। আর সরকার যে জনগণের সেবক বাংলাদেশে এ ধারণা প্রতিষ্ঠিত করেছে আওয়ামী লীগ। আওয়ামী লীগ দেশের জনগণের প্রতিনিধিত্বকারী রাজনৈতিক সংগঠন। তাই যে অপশক্তি দেশ ও জনগণের বিরুদ্ধে অবস্থান নেবে তারা স্বয়ংক্রিয়ভাবে আওয়ামী লীগের প্রবল প্রতিপক্ষ বা শত্রু হিসেবে গণ্য হবে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## সমবায় সমিতিগুলোর অব্যবস্থাপনা দূর করার আশ্বাস মন্ত্রীর

উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতিগুলোর অব্যবস্থাপনা দূর করার আশ্বাস দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। এ বিষয়ে সংশ্লিষ্ট সব অংশীজনের সঙ্গে পরামর্শ করে কার্যকর উদ্যোগ নেওয়া হবে বলে জানান তিনি। রোববার, ২১শে এপ্রিল বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের ৩৬তম বার্ষিক সাধারণ সভা ও ড. আখতার হামিদ খান পল্লী ও সমবায় উন্নয়ন পদক প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির মাধ্যমে দেশের গ্রামীণ জনপদ ও তৃণমূলের মানুষের ভাগ্যের উন্নয়ন করা সম্ভব উল্লেখ করে মন্ত্রী বলেন, 'কুমিল্লার ড. আখতার হামিদ খানের মডেল অনুসরণ করে দক্ষিণ কোরিয়া তাদের দেশে গ্রামীণ মানুষের ভাগ্য উন্নয়নে সফলতা পেয়েছে। তাই সমবায়ীদের সম্ভাবনা, সমস্যা ও সংকট সমাধানে আমাদের সবাইকে একসঙ্গে কাজ করতে হবে।' তিনি বলেন, 'সারা দেশের ৪৭৯ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিমিটেডের অধীনে প্রায় ৯০ হাজার প্রাথমিক সমবায় সমিতি রয়েছে, যার উপকারভোগীর সংখ্যা ৩০ লাখ পরিবার। দেশের অর্থনৈতিক বুনিয়াদ মজবুত করার লক্ষ্যে কৃষি উৎপাদনকে অগ্রাধিকার দিয়ে এসব সমিতিকে কার্যকর করা গেলে সাধারণ মানুষ তার সুফল পাবে।' সভায় বিশেষ অতিথি ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিমন্ত্রী মোঃ আবদুল ওয়াদুদ। আরো উপস্থিত ছিলেন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব মোসাম্মৎ হামিদা বেগম, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক আবদুল

গাফফার খান, সমবায় অধিদফতরের নিবন্ধক ও মহাপরিচালক মোঃ শরিফুল ইসলাম। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের সভাপতি খন্দকার বিপ্লব মাহমুদ উজ্জল।
(জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## হাসপাতালগুলোতে জরুরি রোগী ছাড়া ভর্তি না করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

দেশের বিভিন্ন অঞ্চলে গরম চরম আকার ধারণ করেছে। তীব্র তাপপ্রবাহের মধ্যে প্রতিকূল পরিস্থিতি মোকাবিলায় সারাদেশের হাসপাতালগুলোকে প্রস্তুত রাখার নির্দেশ দেওয়া হয়েছে। একই সঙ্গে হাসপাতালগুলোতে জরুরি রোগী ছাড়া ভর্তি না করার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন। রোববার, ২১শে এপ্রিল সচিবালয়ে সারাদেশের হাসপাতালের পরিচালক এবং সিভিল সার্জনদের সঙ্গে ভার্চুয়াল সভায় তিনি এ নির্দেশনা দেন বলে জানান মন্ত্রী। দেশের বিভিন্ন অঞ্চলে অতি তীব্র তাপপ্রবাহ বইছে। অনেক জায়গাই তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস পার হয়েছে। গরমে জনজীবন দুর্বিষহ হয়ে উঠেছে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, `তাপদাহের কারণে কোল্ড কেস অর্থাৎ যাদের তাৎক্ষণিক চিকিৎসা দেওয়া জরুরি নয় এ মুহূর্তে হাসপাতালে ভর্তি না করার জন্য পরামর্শ দেওয়া হয়েছে। হাসপাতালগুলো প্রতিকূল পরিবেশের জন্য প্রস্তুত রাখা হয়েছে।' তিনি বলেন, 'এ গরমে সবচেয়ে বেশি ভালনারেবল বয়স্ক এবং বাচ্চারা। এবার এমন একটা জলবায়ু পরিবর্তন হলো যে আমরা জীবনে কখনো শুনিনি যে দুবাই বিমানবন্দর পানিতে ডুবে গেছে। আমাদের এগুলো ফেস করতে হবে।' মন্ত্রী বলেন, `আমার কাছে যখন মেসেজ আসলো আমি শিক্ষামন্ত্রীর সঙ্গে কথা বলে প্রধানমন্ত্রীর কাছে মেসেজ দিয়ে স্কুল বন্ধ করে দেওয়ার ব্যবস্থা করেছি। কারণ সব চেয়ে বেশি ঝুঁকিতে থাকে বাচ্চা এবং বয়স্করা।' আজ হাসপাতালের পরিচালক এবং সিভিল সার্জনের সঙ্গে মিটিং করেছেন জানিয়ে মন্ত্রী বলেন, 'আমার কয়েকটা নির্দেশনা ছিল তার মধ্যে একটা হলো-বয়স্ক এবং বাচ্চারা প্রয়োজন ছাড়া যেনো বাসার বাইরে না যায়। হাসপাতালগুলোতে কোনো কোল্ড কেস এখন ভর্তি করতে না করেছি। কোল্ড কেস অর্থাৎ এক মাস পর অপারেশন করলে অসুবিধা না হয়, সেটা দুই সপ্তাহ পরে করুক। হাসপাতাল খালি রাখার জন্য বলছি যে যদি চাপ হয়, তাহলে বাচ্চা এবং বয়স্কদের জন্য যেনো ভর্তি করা হয়। এখন কোল্ড কেস কয়েক দিন বন্ধ থাকবে।' স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'আমাদের ওরাল স্যালাইনের কোথাও কোনো ঘাটতি হলে যেনো আমাকে সঙ্গে সঙ্গে জানানো হয়। এখন পর্যন্ত আমাদের নিয়ন্ত্রণে আছে। প্রকৃতির সঙ্গেতো আমাদের কারো হাত নেই। এটা আমাদের রেডি রাখতে হবে।' শিশুদের জন্য হাসপাতালগুলোতে পর্যাপ্ত ব্যবস্থা আছে কি না, এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'আমি গতকাল শিশু হাসপাতালে গিয়েছি। শিশু হাসপাতালগুলোকে পর্যাপ্ত ব্যবস্থা রাখার জন্যই সারাদেশের হাসপাতালগুলোকে নির্দেশ দিয়েছি। কোল্ড কেসগুলোকে এখন হাসপাতালে ভর্তি না করতে বলা হয়েছে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## ১২৪ প্রকল্পের বিবরণ সম্বলিত সাইনবোর্ড স্থাপনের সুপারিশ

পানিসম্পদ মন্ত্রণালয়ের চলমান ১২৪টি প্রকল্পের প্রতিটি প্রকল্প স্থানে ওই প্রকল্পের বিবরণ সম্বলিত সাইনবোর্ড স্থাপনের সুপারিশ করেছে জাতীয় সংসদের পানিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। রোববার, ২১শে এপ্রিল জাতীয় সংসদ ভবনে কমিটির সভাপতি রমেশ চন্দ্র সেনের সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে কমিটির সদস্য ও পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক, মোহাম্মদ নজরুল ইসলাম, এ কে এম এনামুল হক শামীম, মোঃ আফজাল হোসেন, নুরুন্নবী চৌধুরী, সৌমেন্দ্র প্রসাদ পাণ্ডে, রনজিত চন্দ্র সরকার, এ বি এম রুহুল আমিন হাওলাদার এবং বেগম নাজনীন নাহার রশীদ আলোচনায় অংশ নেন। বৈঠকে পানিসম্পদ মন্ত্রণালয়ের দ্বিতীয় বৈঠকের কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। বৈঠকে পদ্মা বহুমুখী সেতুর ভাটিতে মুন্সিগঞ্জ জেলার লৌহজং ও টঙ্গীবাড়ী উপজেলাধীন বিভিন্ন স্থানে পদ্মানদীর বাম তীর সংরক্ষণ প্রকল্পের ডিপিপি সংশোধন করে কাজটি দ্রুত শেষ করা ও একই সঙ্গে প্রকল্প এলাকায় ভাঙনের হার হ্রাস করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়। কিশোরগঞ্জ জেলার ১০টি উপজেলার নদীতীর প্রতিরক্ষা কাজ, ওয়েভ প্রটেকশন এবং খাল পুনর্খনন প্রকল্পের অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন করা হয়। বৈঠকে ওই প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য সুপারিশ করে কমিটি। এছাড়াও বৈঠকে বাংলাদেশে হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদফতরের কার্যক্রম এবং এর অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়। বৈঠকে শুষ্ক মৌসুমে পানি সংকট থেকে ঠাকুরগাঁওয়ের মানুষকে রক্ষার জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করা ও ওই এলাকায় যেসব প্রকল্প এরই মধ্যে পাস হয়েছে দ্রুত সেগুলোর টেন্ডার করার সুপারিশ করা হয়। বৈঠকে পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, হাওর উন্নয়ন অধিদফতর ও পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালকসহ পানিসম্পদ মন্ত্রণালয় এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## দুবাই বন্দরের বহির্নোঙরে পৌঁছালো এমভি আবদুল্লাহ

জিম্মিদশা থেকে মুক্ত বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ দুবাইয়ের আল হামরিয়া বন্দরে পৌঁছেছে। জাহাজের অবস্থান নির্ণয়কারী বৈশ্বিক সংস্থা মেরিন ট্রাফিক এ তথ্য জানিয়েছে। মেরিন ট্রাফিক ডটকম সূত্রে জানা গেছে, শনিবার রাতে এমভি আবদুল্লাহ ওমান সাগর পাড়ি দিয়ে পারস্য উপসাগরে প্রবেশ করে। অবস্থান ও গতিবেগ অনুযায়ী

বাংলাদেশ সময় রোববার, ২১শে এপ্রিল বিকেল ৪টায় জাহাজটি দুবাইয়ের আল হামরিয়া বন্দরের বহির্নোঙরে পৌঁছায়। এমভি আবদুল্লাহর ক্যাপ্টেন মোহাম্মদ আবদুর রশিদ জানান, 'জাহাজের ২৩ নাবিকের সবাই সুস্থ আছেন। দুবাই পৌঁছানোর পর নাবিকদের দুইজন ফ্লাইটে বাংলাদেশে ফিরবেন। বাকি ২১ জন কয়লা খালাসের পর মে মাসের প্রথম সপ্তাহে জাহাজ নিয়ে দেশে ফিরবেন বলে আশা করা হচ্ছে।' সোমালীয় দস্যুরা গত ১২ই মার্চ বাংলাদেশি ২৩ নাবিকসহ এমভি আবদুল্লাহ জাহাজটি জিম্মি করে। দেশটির উপকূল থেকে ৬০০ নটিক্যাল মাইল দূরে ভারত মহাসাগরে জাহাজটি জিম্মি করা হয়। এর ৩২ দিন পর গত ১৪ই এপ্রিল জাহাজটি মুক্ত করে দেয় জলদস্যুরা। এরপরই সেটি সোমালিয়া উপকূল থেকে আরব আমিরাতের উদ্দেশ্যে যাত্রা করে। জাহাজটি ৫৫ হাজার মেট্রিক টন কয়লা পরিবহন করছে। আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে কয়লা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে যাওয়ার পথে ভারত মহাসাগরে চট্টগ্রামভিত্তিক কেএসআরএম গ্রুপের মালিকানাধীন এমভি আবদুল্লাহ নামের জাহাজটি জিম্মি করা হয়েছিল। এতে জলদস্যুদের হাতে জিম্মি হন জাহাজের ২৩ জন বাংলাদেশি নাবিক ও ক্রু।
(জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## সোনার দাম আবার বাড়লো, ভরি ১ লাখ ১৯ হাজার ৪২৮ টাকা

কিছুটা কমানোর পর দেশের বাজারে সোনার দাম আবার কিছুটা বাড়ানো হয়েছে। সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের প্রতি ভরি সোনায় ৬৩০ টাকা বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। এতে ভালো মানের এক ভরি সোনার দাম হয়েছে ১ লাখ ১৯ হাজার ৪২৮ টাকা। স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম বাড়ার পরিপ্রেক্ষিতে এ দাম বাড়ানো হয়েছে। রোববার, ২১শে এপ্রিল বিকেল ৩টা ৩০ মিনিট থেকে নতুন এ দাম কার্যকর করা হবে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স সমিতি, বাজুস। এর আগে শনিবার ২০শে এপ্রিল ঘোষণা দিয়ে ওই দিন থেকে ভালো মানের এক ভরি সোনার দাম ১ লাখ ১৮ হাজার ৭৯৮ টাকা নির্ধারণ করা হয়। তার আগে ১৮ই এপ্রিল এক ভরি সোনার দাম ১ লাখ ১৯ হাজার ৬৩৮ টাকা নির্ধারণ করা হয়। এতে অতীতের সব রেকর্ড ভেঙে সোনার সর্বোচ্চ দামের নতুন রেকর্ড সৃষ্টি হয়। এখনো পর্যন্ত এটিই দেশের বাজারে সোনার সর্বোচ্চ দাম। এই রেকর্ড দাম নির্ধারণের তিনদিনের মাথায় দুইদফায় সোনার দাম পরিবর্তন করা হলো। রোববার, ২১শে এপ্রিল বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং এ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠক করে দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। পরবর্তীকালে কমিটির চেয়ারম্যান মাসুদুর রহমান সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম বেড়েছে। তাই সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ জুয়েলারি অ্যাসোসিয়েশন সোনার নতুন দাম নির্ধারণ করেছে, যা রোববার, ২১শে এপ্রিল বিকেল ৩টা ৩০ মিনিট থেকে কার্যকর হবে। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## চুয়াডাঙ্গায় আজও সর্বোচ্চ তাপমাত্রা ৪২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, সতর্ক করতে মাইকিং

চুয়াডাঙ্গার ওপর দিয়ে কয়েক দিন ধরে তীব্র থেকে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। রোববার, ২১শে এপ্রিল বিকেলে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। এসময় বাতাসের আর্দ্রতা ছিল ১৮ শতাংশ। এর আগে শনিবার, ২০শে এপ্রিল চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৪২ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। এছাড়া এদিন যশোরে ৪২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছিল। চুয়াডাঙ্গার প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান বলেন, 'বিকেল ৩টায় চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস। এপ্রিল মাসজুড়ে দাবদাহ থাকতে পারে।' এদিকে প্রচণ্ড রোদে ক্ষতির সম্মুখীন হচ্ছে কৃষক। এছাড়া জেলায় বিভিন্ন সড়কের রাস্তার পিচ গলে যেতে দেখা গেছে। সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন কৃষক ও খেটে খাওয়া মানুষ। জেলার সকল স্কুল-কলেজ, কিন্ডারগার্টেনসহ কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশনা দিয়েছে জেলা প্রশাসন। অতি জরুরি প্রয়োজন ছাড়া ঘরের বাইরে না যাওয়ার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে মাইকিং করে সতর্ক করা হচ্ছে। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## মিয়ানমার নৌ বাহিনীর গুলিতে বাংলাদেশি দুই জেলে আহত

টেকনাফের নাফ নদীতে মিয়ানমার নৌবাহিনীর ছোঁড়া গুলিতে বাংলাদেশি দুই জেলে আহত হয়েছেন। রোববার, ২১শে এপ্রিল দুপুরে নাফ নদী দিয়ে ফেরার পথে নাইক্ষ্যংদিয়া এলাকায় এ ঘটনা ঘটে। সাবরাং ইউপির শাহপরীরদ্বীপ ৭ নম্বর ওয়ার্ডের মেম্বার আব্দুল মন্নান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'গুলিবিদ্ধ জেলেরা শাহপরীর দ্বীপের ছিদ্দিকের ট্রলার নিয়ে সাগরে গিয়েছিল। রোববার দুপুরে নাফ নদী দিয়ে ফেরার পথে তাদের লক্ষ্য করে গুলি ছোঁড়ে মিয়ানমার নৌবাহিনী। এতে তারা গুলিবিদ্ধ হন।' গুলিবিদ্ধ জেলেরা হলেন, টেকনাফের সাবরাং ইউনিয়ন শাহপরীর দ্বীপ দক্ষিণ পাড়া এলাকার মোঃ ছিদ্দিকের ছেলে মোঃ ফারুক, ২৫ ও মাঝের পাড়া আলী আহমেদের ছেলে মোঃ ইসমাইল, ২০। ট্রলার মাঝি মোঃ ইউসুফ বলেন, 'সেন্টমার্টিন দ্বীপ সংলগ্ন সাগর থেকে মাছ ধরা শেষে শাহপরীর দ্বীপ ঘাটে ফিরছিলাম। এসময় শাহপরীর দ্বীপ নাইক্ষ্যংদিয়া অংশের মিয়ানমারের জলসীমানা দিয়ে দেশটির নৌবাহিনীর একটি যুদ্ধ জাহাজ আমাদের অতিক্রম করছিল। ওই জাহাজ থেকে হঠাৎ আমাদের ট্রলার লক্ষ্য করে গুলি চালানো হয়। এতে দুইজন জেলে গুলিবিদ্ধ হয়েছে।' তিনি আরো বলেন, 'আমরা নাফনদীর বাংলাদেশের জলসীমায় ছিলাম এবং হাত উঁচু করে,

বাংলাদেশি পতাকা দেখিয়ে তাদের গুলি না করতে ইশারা করেছিলাম। এরপরও তারা মানেনি।' সাবরাং ইউপির শাহপরীরদ্বীপ ৭ নম্বর ওয়ার্ডের মেম্বার আব্দুল মন্নান বলেন, 'ফারুকের শরীরের বিভিন্ন অংশে গুলি লাগে। মোঃ ইসমাইল গুলিতে সামান্য আহত হন। তাদের টেকনাফ ও কক্সবাজার সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।' টেকনাফ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল কর্মকর্তা ডা. সুরাইয়া ইয়াছমিন বলেন, 'গুলিবিদ্ধদের মধ্যে ইসমাইল সামান্য আহত হয়েছেন। তাকে টেকনাফে চিকিৎসা দেওয়া হচ্ছে। কিন্তু ফারুকের শরীরের তিনটি গুলি লেগেছে। তাকে আশঙ্কাজনক অবস্থায় কক্সবাজার সদর হাসপাতালে পাঠানো হয়েছে।' ট্রলারের মালিক শাহ পরীর দ্বীপ মাঝেরপাড়ার বাসিন্দা ছিদ্দিক বলেন, 'এফবি মায়ের দোয়া নামে ট্রলারটি ১৮ই এপ্রিল সকালে শাহপরীর দ্বীপ জেটিঘাট থেকে বঙ্গোপসাগরের সেন্টমার্টিন দ্বীপের দক্ষিণ-পশ্চিমে বাংলাদেশ জলসীমানায় মাছ ধরতে যায়। ট্রলারে জেলে ছিলেন ৯ জন। রোববার মাছ নিয়ে ট্রলারটি শাহপরীর দ্বীপ ঘাটে ফিরছিল। বেলা সাড়ে ১১টার দিকে ট্রলারটি বদরমোকাম চ্যানেল অতিক্রম করে নাফ নদীতে ঢোকার সময় মিয়ানমারের নৌবাহিনীর জাহাজ থেকে অসংখ্য গুলি ছোঁড়া হয়।' ট্রলারে মাঝি মোহাম্মদ ইউসুফ বলেন, 'কোনো ধরনের সতর্ক সংকেত ছাড়াই মিয়ানমার নৌবাহিনীর জাহাজ থেকে এলোপাতাড়ি গুলি ছোঁড়া হয়। ফিশিং ট্রলার লক্ষ্য করে ১০ থেকে ১৫ মিনিটে অন্তত ৫০ থেকে ৬০ রাউন্ড গুলি ছোঁড়া হয়। গুলি থেকে বাঁচতে ট্রলারের জেলেরা ভেতরে মাছ রাখার একটি কক্ষে আশ্রয় নেন। এরপরও দুইজন গুলিবিদ্ধ হন।' তবে, বিষয়টি সম্পর্কে কোস্টগার্ড কিংবা বিজিবির পক্ষ হতে কোনো বক্তব্য পাওয়া যায়নি। টেকনাফে কর্মরত কোস্ট গার্ড ও বিজিবির সরকারি নম্বরে কল করা হলেও তা রিসিভ হয় না। টেকনাফ মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ ওসমান গনি বলেন, 'বাংলাদেশি দুই জেলে গুলিবিদ্ধ হওয়ার খবর পেয়েছি। তাদের প্রথমে টেকনাফ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়। সেখান থেকে একজনকে কক্সবাজার সদর হাসপাতালে নেয়া হয়েছে বলে জেনেছি। বিষয়টি সম্পর্কে বিস্তারিত জানার চেষ্টা চলছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

## বেইলি রোডে ভয়াবহ আগুনের সূত্রপাত জানালো ফায়ার সার্ভিস

রাজধানীর বেইলি রোডের গ্রিন কোজি কটেজ নামের বহুতল ভবনে গত ২৯শে ফেব্রুয়ারি দিনগত রাতে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে শিশুসহ ৪৬ জনের প্রাণহানি হয়। ঘটনার পর ভবনটি পরিদর্শন করে প্রাথমিক তদন্তে অগ্নিকাণ্ডের সূত্রপাত হিসেবে সম্ভাব্য একাধিক কারণ উল্লেখ করে বিভিন্ন তদন্ত সংস্থা। অগ্নিকাণ্ডের পরপরই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতরের পরিচালক, অপারেশন ও মেইনটেন্যান্স লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরীকে প্রধান করে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি করা হয়। তদন্তকালীন এ ঘটনায় আসামিরা পলাতক থাকায় তদন্তে বিলম্বের কথা জানায়েছিল ফায়ার সার্ভিস। তবে ফায়ার সার্ভিসের তদন্তে আগুন লাগার প্রকৃত কারণ বের হয়ে এসেছে। তদন্ত শেষে সংস্থাটি বলছে, ভবনটির নিচতলার চুমুক নামের চা-কফির দোকানের চুলা থেকে আগুনের সূত্রপাত। এছাড়া ভবনে গ্যাস জমে থাকায় সেই আগুন দ্রুত চারদিকে ছড়িয়ে পড়ে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদফতরের পরিচালক, অপারেশন ও মেইনটেন্যান্স লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী সাংবাদিকদের বলেন, 'আমাদের তদন্ত রিপোর্টে আগুন লাগার কারণ হিসেবে চুলার আগুন ও গ্যাসের কথা এসেছে। চুলা থেকে আগুন ধরার পর জমে থাকা গ্যাসের কারণে সেটি ভবনে দ্রুত ছড়িয়ে পড়ে। ভয়াবহ এই অগ্নিকাণ্ডের ঘটনায় অবহেলার কারণে মৃত্যুর অভিযোগে পুলিশ বাদী হয়ে মামলা করে। মামলায় আগুনের ঘটনায় জড়িত অভিযোগে প্রথমে তিনজনকে গ্রেফতার করা হয়। তারা হলেন- চা-কফির দোকান চুমুকের মালিক আনোয়ারুল হক ও শফিকুর রহমান এবং কাচ্চি ভাই নামে আরেকটি খাবারের দোকানের ব্যবস্থাপক জয়নুদ্দিন জিসান।' এরপর আরো তিনজনকে গ্রেফতার করে পুলিশ। এ নিয়ে আগুনের ঘটনায় মোট ছয়জনকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, বর্তমানে মামলাটি তদন্ত করছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ, সিআইডি। (জাগো এফএম ওয়েব পেজ : ২১.০৪.২০২৪ প্রতীক)

# BBC

## US AID COULD GIVE UKRAINE THE WEAPONS TO SLOW RUSSIA'S ADVANCE

President Volodymyr Zelensky has expressed his gratitude to the US House of Representatives for approving a new $61bn package of military assistance for Ukraine after months of delays. He said the aid could save thousands of lives. While it's not uncommon for a country's future to be decided by politicians, a nation's very existence hinging on a vote 5,000 miles away is as extraordinary as it sounds. For Ukraine, the six-month wait for this military package has been as costly as it has been frustrating. Dwindling ammunition has cost it lives and territory. (BBC Web Page: 21/04/24, FARUK)

## US HOUSE APPROVES CRUCIAL $61BN WAR AID FOR UKRAINE

The House of Representatives has finally approved billions of dollars in new US military aid for Ukraine to help combat Russia's invasion. The much-delayed measure had vocal opponents in Congress and it took a fragile bipartisan deal to get the $61bn package through. Republicans said more than a third would be dedicated to replenishing weapons

and ammunition. Ukrainian President Volodymyr Zelensky described the US support as "vital". The aid would keep the war from expanding and save thousands of lives, he added. (BBC Web Page: 21/04/24, FARUK)

**JAPAN NAVY CREW MISSING AFTER HELICOPTER CRASH**

One Japanese naval crewman has died and seven others are missing after two helicopters crashed during a night-time drill in the Pacific Ocean. The twin-engine Mitsubishi SH-60Ks were on anti-submarine training near the Izu Islands, 600km south of Tokyo, officials said. Two flight recorders were discovered close to each other as was debris including parts of rotor blades. Defence Minister Minoru Kihara said the cause of the accident was unknown. (BBC Web Page: 21/04/24, FARUK)

**US MIGRANT CRISIS SHIFTS FROM TEXAS TO CALIFORNIA BORDER**

On a blustery morning last month, volunteer Adriana Jasso raised the flaps to a tent propped up against the massive steel bars of the fence that straddles this stretch of the US-Mexico border. On her side, plastic tables were piled with apples, packets of hot chocolate, mylar blankets and stacks of ponchos - supplies waiting for hungry and tired migrants who had travelled for weeks, or even months, to reach California. On the other side, visible through the gaps in the towering barrier, a group of more than 100 people - from countries including Ecuador, Colombia, China and Rwanda - huddled together, waiting to be let through on to US soil. This border point south of San Diego is now one of the busiest along the entire US-Mexico frontier, which stretches around 1,950 miles from here to eastern Texas and the Gulf of Mexico. (BBC Web Page: 21/04/24, FARUK)

**FUNERALGOERS DIE AS FERRY SINKS IN CAR**

At least 58 people have died in the Central African Republic after the overcrowded ferry carrying them capsized, say officials. Most of the 300 people on board were on their way to a funeral on Friday when the vessel sank. It happened on the Mpoko river near the capital, Bangui. Footage of the accident in social media shows people falling or jumping into the water trying to reach the banks of the river. Boat disasters are not uncommon in the Central African Republic. (BBC Web Page: 21/04/24, FARUK)

**ETHIOPIA LAND VIOLENCE LEAVES THOUSANDS HOMELESS**

Fighting over disputed land along borders of Ethiopia's Tigray and Amhara regions has displaced close to 29,000 people, the United Nations says. Fighting began last week between forces from the two regions in Raya Alamata district, which is claimed by both. Officials in Amhara have accused forces from Tigray of launching an invasion, but former rebels in Tigray deny this. A two-year civil war ended in late 2022 in Ethiopia, after central government signed a peace deal with Tigray forces. However, issues of contested areas, disarmament of ex-combatants, and the fate of hundreds of thousands of Tigrayans forced out of their homes during the war remain unresolved. (BBC Web Page: 21/04/24, FARUK)

**ISRAEL INVESTIGATING DEATH OF WEST BANK PARAMEDIC**

The Israeli army has launched an investigation after a Palestinian volunteer paramedic was killed in the occupied West Bank. The Palestinian Red Crescent (PRCS) said Mohammed Awad Allan, 50, was shot while treating people who had been injured by Israeli settlers. The Israel Defence Forces (IDF) said forces were sent to the village of As-Sawiya to break up clashes. It confirmed an ambulance driver was killed, and that it was investigating. The circumstances of the death are not clear. (BBC Web Page: 21/04/24, FARUK)

**TIKTOK WARNS US BAN WOULD TRAMPLE FREE SPEECH**

TikTok says a potential ban on its app in the US would "trample the free speech" of 170 million Americans. The US House of Representatives voted on Saturday to ban TikTok if the app's owner does not cut its ties with China. The legislation was part of a US foreign policy package that included aid for Ukraine and could become law as early as next week. In recent months US officials have voiced alarm over TikTok's popularity with young people. They allege TikTok's owner Bytedance is subservient to Beijing - accusations it has repeatedly denied. (BBC Web Page: 21/04/24, FARUK)

**NEARLY 200 BODIES FOUND IN MASS GRAVE AT HOSPITAL IN KHAN YOUNIS**

Palestinian civil defence crews have uncovered a mass grave inside the Nasser Medical Complex in Gaza's Khan Younis, with 180 bodies recovered so far, as Israel has continued bombardment of the devastated coastal enclave for more than six months. The discovery on Saturday, and continuing into Sunday, comes after the Israeli military withdrew its troops

from the southern city on April 7. Much of the Khan Younis is now in ruins after months of relentless Israeli bombardment and heavy fighting. (BBC Web Page: 21/04/24, FARUK)

**MALDIVES VOTES IN PARLIAMENTARY ELECTIONS AMID INDIA-CHINA RIVALRY**

Voters in the Maldives are casting their ballots in a parliamentary election crucial for President Mohamed Muizzu, who has taken a pre-China stand and turned the archipelago nation away from longtime ally India since coming to power last September. The elections on Sunday are being keenly watched by India and China as they vie for influence in the island country, which is known for its pristine beaches and luxury resorts and is strategically located in the Indian Ocean, where global east-west shipping lanes pass through. About 2,84,000 people were eligible to vote in Sunday's polls, and tentative results are expected later on the same day. (BBC Web Page: 21/04/23, FARUK)

**::The End::**